## আল কুরআন
অনন্ত করুণাময় পরম দয়ালু আল্লাহর নামে আরম্ভ করছি
আর আমি তোমাদেরকে বলে দেই যা তোমরা খেয়ে আস এবং যা তোমরা ঘরে রেখে আস। এতে প্রকৃষ্ট নিদর্শন রয়েছে, যদি তোমরা বিশ্বাসী হও।
সূরা আল ইমরান ৪৯


# দৈনিক কীর্তনখোলা

আত্মপ্রত্যয়ী প্রতিদিন

বরিশাল ॥ মঙ্গলবার ॥ ৩০ জুন ২০২৬ ॥ ১৪ মহররম ১৪৪৮ ॥ ১৬ আষাঢ় ১৪৩৩ ॥ ১০ম বর্ষ ॥ ১৮ সংখ্যা ॥ ৪ পৃষ্ঠা ॥ ৫ টাকা

## চাকরির জন্য তরুণদের বছরের পর বছর অপেক্ষা করতে হবে না

কীর্তনখোলা ডেস্ক

বিগত সময়ে স্বাস্থ্য খাতের বিপর্যয়, ভুল নীতি এবং হাজার হাজার কোটি টাকা পাচারের কারণে দেশের অর্থনৈতিক খাত ২ এর পাতায় দেখুন

## এই বাজেটের মাধ্যমে অর্থনীতিকে পুনরুদ্ধারের পথে এগিয়ে নেবো

কীর্তনখোলা ডেস্ক

অর্থমন্ত্রী আমির খসরু মাহমুদ চৌধুরী বলেছেন, আগামী অর্থবছরের প্রস্তাবিত বাজেটের মাধ্যমে বিশেষ করে কৃষি, শিল্প ও সেবাখাত ২ এর পাতায় দেখুন



## সংসদ দুই চাকার যান এক চাকায় পিন মারলে অন্যটি অচল হয়ে যাবে

কীর্তনখোলা ডেস্ক

প্রস্তাবিত ২০২৬-২৭ অর্থবছরের বাজেট আলোচনায় সমাপনী বক্তব্য দেন বিরোধীদলীয় নেতা ও জামায়াতে ইসলামীর ২ এর পাতায় দেখুন

## দুই ধাপে নতুন পে-স্কেল, কমছে বেতন বৃদ্ধি

কীর্তনখোলা ডেস্ক

সরকারি চাকরিজীবীদের নতুন বেতন কাঠামো (নবম পে-স্কেল) দুই ধাপে বাস্তবায়নের পরিকল্পনা করছে সরকার। ২ এর পাতায় দেখুন

# দক্ষিণাঞ্চলে শিল্পায়নে নতুন দিগন্ত: বরিশাল ইপিজেড

বিশেষ প্রতিবেদক

এবার অবহেলিত দক্ষিণাঞ্চলে অর্থনৈতিক মুক্তির নতুন দুয়ার খুলতে যাচ্ছে। বরিশালে একটি পূর্ণাঙ্গ ইপিজেড (রফতানি প্রক্রিয়াকরণ অঞ্চল) এলাকা গড়ে তোলার ঘোষণা দিয়েছেন প্রধানমন্ত্রী তারেক রহমান। এই মহাপরিকল্পনা বাস্তবায়ন হলে বরিশালই হয়ে উঠবে দেশের অন্যতম প্রধান বাণিজ্যিক হাব। জানা যায়, নদীপথের সহজ যোগাযোগ আর অপার সম্ভাবনা থাকলেও, বছরের পর বছর শিল্পাঞ্চল না থাকায় চরম অর্থনৈতিক খরায় ভুগছে দেশের দক্ষিণাঞ্চল। কর্মসংস্থানের অভাবে প্রতিবছরই নিজ জেলা ছাড়ছেন হাজারো তরুণ-তরুণী। বাংলাদেশ পরিসংখ্যান ব্যুরোর (বিবিএস) ২০২২ সালের জরিপ অনুযায়ী, কর্মসংস্থানের অভাবে বরিশালের স্থানীয় প্রায় ১৯ শতাংশ ২ এর পাতায় দেখুন

## হামের উপসর্গে আরও ৪ শিশুর মৃত্যু

কীর্তনখোলা ডেস্ক

দেশে গত ২৪ ঘণ্টায় হামের উপসর্গ নিয়ে আরও ৪ শিশুর মৃত্যু হয়েছে। এছাড়া হাম ও হামের উপসর্গে আক্রান্ত হয়েছে ১ হাজার ১৪৫ শিশু। এর মধ্যে হামে আক্রান্ত হয়েছে ১৪১ শিশু। আর হামের উপসর্গে আক্রান্ত হয়েছে ১ হাজার ৪ শিশু। সোমবার (২৯ জুন) বিকেলে স্বাস্থ্য অধিদপ্তরের হাম-বিষয়ক হালনাগাদ প্রতিবেদনে এ তথ্য জানানো হয়। বিজ্ঞপ্তিতে জানানো হয়েছে, গত ২৪ ঘণ্টায় দেশে হামের উপসর্গ নিয়ে আরও ৪ শিশুর মৃত্যু হয়েছে। তবে এই সময়ে নিশ্চিতভাবে হামে আক্রান্ত হয়ে কোনো শিশুর মৃত্যু হয়নি। এ নিয়ে গত ১৫ মার্চ থেকে এখন পর্যন্ত সারাদেশে হামের উপসর্গ নিয়ে মৃত্যু হয়েছে মোট ৬২৩ শিশুর। আর হামে আক্রান্ত হয়ে প্রাণ হারিয়েছে ৯৩ শিশু। অর্থাৎ হাম ও হামের উপসর্গ নিয়ে এই সময়ে মোট ৭১৬টি শিশু মারা গেছে। এছাড়া, ২৪ ঘণ্টায় ৯৬২ শিশু নতুন করে হাসপাতালে ভর্তি হয়েছে, আর হাসপাতাল থেকে ছাড়া পেয়েছে ১ হাজার ৪১টি শিশু। স্বাস্থ্য অধিদপ্তরের তথ্য ২ এর পাতায় দেখুন

# বাড়ছে না থ্রি-হুইলারের ভাড়া অবৈধ যানবাহনের বিরুদ্ধে অভিযান

কীর্তনখোলা রিপোর্ট

বরিশাল নগরীতে থ্রি-হুইলারের ভাড়া বৃদ্ধি নিয়ে কয়েকদিন ধরে চলা অস্থিরতার অবসান ঘটিয়ে আগের ভাড়াই বহাল রাখার সিদ্ধান্ত নিয়েছে বরিশাল সিটি কর্পোরেশন (বিসিসি)। একই সঙ্গে লাইসেন্সবিহীন ও অবৈধভাবে চলাচলকারী থ্রি-হুইলারের বিরুদ্ধে শিগগিরই যৌথ অভিযান পরিচালনার ঘোষণা দিয়েছে প্রশাসন। সোমবার (২৯ জুন) দুপুরে নগর ভবনের সভাকক্ষে আয়োজিত এক সমন্বয় সভায় এ সিদ্ধান্ত নেওয়া হয়। সভায় সভাপতিত্ব করেন বরিশাল সিটি কর্পোরেশনের প্রশাসক অ্যাডভোকেট বিলকিস আক্তার জাহান শিরীন। এর আগে কোনো ধরনের সরকারি অনুমোদন ছাড়াই নগরীতে থ্রি-হুইলারের ভাড়া বৃদ্ধি করা হলে সাধারণ যাত্রী, শিক্ষার্থী ও নিম্ন আয়ের মানুষের মধ্যে ব্যাপক ক্ষোভের সৃষ্টি হয়। এর প্রতিবাদে রোববার সরকারি বিএম কলেজসহ বিভিন্ন শিক্ষাপ্রতিষ্ঠানের শিক্ষার্থীরা প্রায় দুই শতাধিক অটোরিকশা আটকে বিক্ষোভ করেন। পরে প্রশাসনের আশ্বাসে তারা কর্মসূচি স্থগিত করে যানবাহনগুলো ছেড়ে দেন। সভা শেষে বিসিসির প্রশাসক ২ এর পাতায় দেখুন

## খাদ্যপণ্য ও শিল্প খাতে সহযোগিতা বাড়াতে একমত বাংলাদেশ-পাকিস্তান

কীর্তনখোলা ডেস্ক

বাংলাদেশ ও পাকিস্তানের মধ্যে দ্বিপাক্ষিক বাণিজ্য সম্প্রসারণ, খাদ্যপণ্য সরবরাহ ও শিল্প সহযোগিতা বৃদ্ধির লক্ষ্যে উচ্চপর্যায়ের বৈঠক হয়েছে। এতে কৃষিপণ্য, সার, ভোজ্যতেল, ডাল, ছোলা, চিনি, ইউরিয়া এবং পাটসহ বিভিন্ন খাতে ২ এর পাতায় দেখুন

## পিরোজপুর-ভোলার দুটি কলেজের নাম পাল্টে শহীদ জিয়ার নামে করা হচ্ছে

কীর্তনখোলা রিপোর্ট

দেশের আরও চারটি কলেজের নাম পরিবর্তনের উদ্যোগ নিয়েছে সরকার। এর মধ্যে দুটি কলেজের নাম বিএনপির প্রতিষ্ঠাতা ও সাবেক রাষ্ট্রপতি শহীদ জিয়াউর রহমানের নামে নামকরণ করা হচ্ছে। অন্য দুটি কলেজের নামেও আসছে পরিবর্তন। সোমবার (২৯ জুন) শিক্ষা মন্ত্রণালয়ের মাধ্যমিক ও উচ্চশিক্ষা বিভাগের পৃথক চারটি চিঠি থেকে এসব তথ্য জানা গেছে। চিঠিগুলো সংশ্লিষ্ট শিক্ষা বোর্ডের চেয়ারম্যান বরাবর পাঠানো হয়েছে। বোর্ডে পাঠানো মন্ত্রণালয়ের চিঠির তথ্য অনুযায়ী, বরিশাল অঞ্চলের পিরোজপুরের নাজিরপুর কলেজের নাম পরিবর্তন করে শহীদ জিয়া কলেজ এবং ভোলার চরফ্যাশনের জনতা বাজার কলেজের পরিবর্তিত নাম জনতা ২ এর পাতায় দেখুন

## জনগণের সমস্যা নয় সংসদ দুই দলের বিতর্কের মঞ্চে পরিণত হয়েছে

ইসলামী আন্দোলন

কীর্তনখোলা ডেস্ক

সংসদে জনগণের সমস্যা নিয়ে আলোচনা না হয়ে ব্যক্তিগত সুযোগ-সুবিধা আদায় এবং দুই দলের পারস্পরিক রাজনৈতিক বিতর্কই প্রাধান্য পাচ্ছে বলে মন্তব্য করেছেন ইসলামী আন্দোলন বাংলাদেশের মহাসচিব মাওলানা গাজী আতাউর রহমান। তিনি বলেন, দ্রব্যমূল্যের ঊর্ধ্বগতিতে জনজীবন যখন দুর্বিষহ, নিরাপত্তাহীনতা বাড়ছে এবং সংস্কারের আলোচনা হারিয়ে গেছে, তখন জনগণের প্রত্যাশা পূরণে ইসলামী আন্দোলন বাংলাদেশকে আরও শক্তিশালী ভূমিকা নিতে হবে। সোমবার (২৯ জুন) ইসলামী আন্দোলন বাংলাদেশের নবগঠিত কেন্দ্রীয় মজলিসে আমেলার বৈঠকে নতুন দায়িত্বপ্রাপ্ত মহাসচিব হিসেবে ২ এর পাতায় দেখুন

বরিশাল স্টেডিয়ামে ২য় বিভাগ ক্রিকেট লীগে বিজয়ীদের মাঝে পুরস্কার বিতরণ করেন জেলা প্রশাসক খায়রুল আলম সুমনসহ অতিথিবৃন্দ -কীর্তনখোলা

## ডেঙ্গুতে একদিনে পাঁচজনের মৃত্যু

কীর্তনখোলা ডেস্ক

ডেঙ্গুতে আক্রান্ত হয়ে নতুন করে পাঁচজনের মৃত্যু হয়েছে। এ নিয়ে চলতি মাসে ডেঙ্গুতে ১৩ জনের মৃত্যু হলো। আর চলতি বছর ডেঙ্গুতে মৃত্যুর সংখ্যা পৌঁছেছে ১৮ জনে। সোমবার (২৯ জুন) স্বাস্থ্য অধিদপ্তরের পাঠানো সবশেষ বিজ্ঞপ্তিতে এ তথ্য জানানো হয়েছে। বিজ্ঞপ্তিতে বলা হয়, সকাল আটটা পর্যন্ত গত ২৪ ঘণ্টায় যে পাঁচ ডেঙ্গু রোগীর মৃত্যু হয়েছে তাদের মধ্যে দুজন চট্টগ্রাম বিভাগের, একজন ঢাকা উত্তর সিটি কপোরেশন এলাকার, একজন ২ এর পাতায় দেখুন

# জাতীয় বাজেটে দক্ষিণাঞ্চলের ছয় দফা দাবিতে বরিশালে মানববন্ধন

কীর্তনখোলা রিপোর্ট

ভাঙ্গা-কুয়াকাটা মহাসড়ককে ৬ লেনে উন্নীতকরণ, দক্ষিণাঞ্চলে রেলপথ চালু এবং ২০২৬-২৭ অর্থবছরের জাতীয় বাজেটে অবকাঠামো উন্নয়নসহ ৬ দফা দাবি বাস্তবায়নের দাবিতে বরিশালে মানববন্ধন কর্মসূচি পালন করেছেন সর্বস্তরের ছাত্র-জনতা। সোমবার (২৯ জুন) বেলা সাড়ে ১১টায় নগরীর সদর রোডে অশ্বিনী কুমার হলের সামনে 'বরিশালের সর্বস্তরের ছাত্র-জনতা'র ব্যানারে এ মানববন্ধন ২ এর পাতায় দেখুন

# দেশের মোট আক্রান্তের দশ শতাংশ ডেঙ্গু রোগী বরগুনায়

বরগুনা প্রতিনিধি

দেশজুড়ে ডেঙ্গুর প্রকোপের মধ্যে সবচেয়ে ঝুঁকিপূর্ণ 'হটস্পট' হিসেবে আবির্ভূত হয়েছে উপকূলীয় জেলা বরগুনা। সরকারি হিসাব অনুযায়ী, দেশের মোট ডেঙ্গু আক্রান্ত রোগীর প্রায় ১০ শতাংশই এই জেলায় শনাক্ত হয়েছে। ২০২৫ সালে ভয়াবহ পরিস্থিতির পর রোগতত্ত্ব, রোগ নিয়ন্ত্রণ ও গবেষণা ইনস্টিটিউট (আইইডিসিআর) ডেঙ্গু নিয়ন্ত্রণে একগুচ্ছ সুপারিশ দিলেও তার অধিকাংশই বাস্তবায়িত হয়নি বলে অভিযোগ রয়েছে। ফলে চলতি বছরও সংক্রমণ বাড়তে শুরু করায় নতুন করে উদ্বেগ তৈরি ২ এর পাতায় দেখুন

## রাজধানীতে সড়ক দুর্ঘটনায় উজিরপুরের যুবক নিহত

উজিরপুর প্রতিনিধি

ঢাকায় সড়ক দুর্ঘটনায় বরিশাল জেলার উজিরপুরের কালিহাতার এক যুবক নিহত হয়েছে। পারিবার সূত্রে জানা যায়, রবিবার রাত সাড়ে ১১ টার দিকে উজিরপুর উপজেলার বামরাইল ইউনিয়নের কালিহাতা গ্রামের মজিবুর রহমান হাওলাদারের বড় ছেলে নয়ন হাওলাদার (২৫) ঢাকার সুত্রাপুর এলাকায় ২ এর পাতায় দেখুন




## নিখোঁজের ৩ দিন পর স্বামীর মাটিচাপা লাশ উদ্ধার, স্ত্রী আটক

মুলাদী প্রতিনিধি

বরিশালের মুলাদী উপজেলার সফিপুর ইউনিয়নে নিখোঁজের তিন দিন পর মো. হারুন হাওলাদার (৫৯) নামের এক ব্যক্তির মাটিচাপা লাশ উদ্ধার করেছে পুলিশ। পরকীয়া প্রেমের জেরে এই হত্যাকাণ্ড ঘটেছে বলে পুলিশ প্রাথমিকভাবে ধারণা করছে। এ ঘটনায় স্ত্রী সেলিনা বেগমকে (৪৬) আটক করা হয়েছে। সোমবার দুপুর দেড়টার দিকে উপজেলার চরমালিয়া নিজ বসত ঘরের পেছন থেকে মাটিচাপা লাশ উদ্ধার করা হয়। স্থানীয় ও পুলিশ সূত্রে জানা গেছে, কয়েক দিন ধরে হারুন হাওলাদার রহস্যজনকভাবে নিখোঁজ ছিলেন। স্বজনরা বিভিন্ন স্থানে খোঁজাখুঁজি করেও তাঁর কোনো সন্ধান পাননি। এ ব্যাপারে নিহতের ছেলে মোস্তফা অজ্ঞাত আসামি করে মুলাদী থানায় একটি অভিযোগ দায়ের করেন। সকালে স্থানীয় লোকজন বাড়ির পেছনে মাটি আলগা ও বাঁশের কঞ্চি দিয়ে ঢাকা ২ এর পাতায় দেখুন

## ছেলের জন্য পাত্রী দেখতে যাওয়ার পথে মা নিহত

মনপুরা প্রতিনিধি

ভোলার মনপুরায় ছেলের জন্য পাত্রী দেখতে যাওয়ার পথে মোটরসাইকেল থেকে পড়ে মনোয়ারা বেগম (৪৫) নামে এক মা নিহত হয়েছেন। রোববার (২৮ জুন) রাতে উপজেলার উত্তর সাকুচিয়া ইউনিয়নের অহিদ মেম্বার হাটের পাকা সড়কে এ দুর্ঘটনা ঘটে। সোমবার (২৯ জুন) সকাল ৯টায় জানাজা শেষে তাকে পারিবারিক কবরস্থানে দাফন করা হয়। মনোয়ারা উপজেলার হাজিরহাট ইউনিয়নের দাসেরহাট এলাকার বাসিন্দা সিরাজের স্ত্রী। পাত্র সাব্বির হোসেনের মা। স্থানীয়রা জানায়, মোটরসাইকেল থেকে পড়ে আহত হন। পরে স্থানীয়রা তাকে উদ্ধার করে হাসপাতালে নিয়ে গেলে কর্তব্যরত চিকিৎসক তাকে মৃত ঘোষণা করেন। মনপুরা উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্সের দায়িত্বরত মেডিকেল অফিসার ডা. মঞ্জিল মোরশেদ জানান, মনোয়ারাকে হাসপাতালে নিয়ে ২ এর পাতায় দেখুন


দৈনিক কীর্তনখোলা
আত্মপ্রত্যয়ী প্রতিদিন

## প্রতিনিধি আবশ্যক

দৈনিক কীর্তনখোলা পত্রিকার জন্য **ঝালকাঠি জেলা:** নলছিটি, রাজাপুর, **পটুয়াখালী জেলা:** পটুয়াখালী, বাউফল, আমতলী, **ভোলা জেলা:** তজুমদ্দিন, লালমোহন, মনপুরা, **পিরোজপুর জেলা:** নাজিরপুর, নেছারাবাদ ও **বরিশাল জেলা:** উজিরপুর ও বাবুগঞ্জ প্রতিনিধি আব্যশক। প্রার্থীকে অবশ্যই কমপক্ষে এইচএসসি পাস হতে হবে। আগ্রহীরা পত্রিকার ইমেইলে জীবনবৃত্তান্তসহ আবেদন করুন।

–মফস্বল সম্পাদক
০১৩০৪১৬৮৪১৯

# সম্পাদকীয়

## সম্পর্কের অগ্রযাত্রা অব্যাহত থাক

চীন বাংলাদেশের অন্যতম উন্নয়ন সহযোগী। বাংলাদেশের উন্নয়ন কর্মকাণ্ডে চীনের সহযোগিতা দীর্ঘ সময় ধরে চলে আসছে। পাশাপাশি বাংলাদেশে রয়েছে চীনের বিপুল বিনিয়োগ। দুই দেশের মধ্যে বিদ্যমান আস্থা ও সহযোগিতার এই সম্পর্ককে আরো এক ধাপ এগিয়ে নিয়েছে প্রধানমন্ত্রী তারেক রহমানের চীন সফর। এই সফরে দুই দেশের মধ্যে ১৭টি চুক্তি ও সমঝোতা স্মারক (এমওইউ) সই হয়েছে। পাশাপাশি বাংলাদেশে বিনিয়োগের ব্যাপারে চীনা বিনিয়োগকারীদের পক্ষ থেকে ব্যাপক সাড়া পাওয়া গেছে। প্রধানমন্ত্রী তারেক রহমান গত ২৬ জুন সকালে চীনের প্রেসিডেন্ট শি চিনপিংয়ের সঙ্গে বৈঠক করেন। অত্যন্ত আন্তরিক ও হৃদ্যতাপূর্ণ পরিবেশে দুই নেতা পারস্পরিক স্বার্থসংশ্লিষ্ট বিষয়ে আলোচনা করেন। তাঁদের আলোচনায় বিশেষভাবে গুরুত্ব পেয়েছে স্বাস্থ্যসেবা, সংস্কৃতি ও শিক্ষা, স্থানীয় সরকার পর্যায়ে বিনিময় ও সহযোগিতা জোরদার, আঞ্চলিক ভূ-রাজনীতি, বাণিজ্য, বিনিয়োগ, দীর্ঘমেয়াদি কৌশলগত অংশীদারি ইত্যাদি। চীনের প্রেসিডেন্ট বলেন, চীন সব সময় বাংলাদেশের নির্ভরযোগ্য বন্ধু, ভালো প্রতিবেশী ও অংশীদার। মৌলিক স্বার্থ ও গুরুত্বপূর্ণ উদ্বেগের বিষয়গুলোতে উভয় দেশ পরস্পরকে সমর্থন অব্যাহত রাখবে। বাংলাদেশের সঙ্গে বেল্ট অ্যান্ড রোড উদ্যোগ এবং আঞ্চলিক সংযোগ বৃদ্ধি করতে চীন-মায়ানমার-বাংলাদেশ অর্থনৈতিক করিডরের উন্নয়ন এগিয়ে নেওয়ার বিষয়ে চীনের সহযোগিতার কথাও জানান তিনি। এর আগে গত বৃহস্পতিবার বেইজিংয়ের গ্রেট হল অব দ্য পিপলে প্রধানমন্ত্রী তারেক রহমান ও চীনের প্রধানমন্ত্রী লি ছিয়াংয়ের নেতৃত্বে দ্বিপক্ষীয় বৈঠক অনুষ্ঠিত হয়। আনুষ্ঠানিক বৈঠকে দুই দেশের দ্বিপক্ষীয় সম্পর্কের বিভিন্ন বিষয়; যেমনড়অর্থনৈতিক সহযোগিতা, বিনিয়োগ, বাণিজ্য সম্প্রসারণ, অবকাঠামো উন্নয়ন, পানিসম্পদ ব্যবস্থাপনা, প্রতিরক্ষা সহযোগিতাসহ আঞ্চলিক ও আন্তর্জাতিক স্বার্থসংশ্লিষ্ট বিষয়াদি নিয়ে অত্যন্ত আন্তরিকতার সঙ্গে এবং খোলা মনে বিস্তারিত আলোচনা হয়। বৈঠক শেষে দুই প্রধানমন্ত্রীর উপস্থিতিতে বিভিন্ন ক্ষেত্রে পারস্পরিক সহযোগিতা বিষয়ক চুক্তি ও সমঝোতা স্মারক (এমওইউ) সই হয়। সই হওয়া সমঝোতা স্মারকের মধ্যে রয়েছে বিনিয়োগ সহায়তা, জিডিআই, মানবসম্পদ উন্নয়নে সহায়তা, চীনের ভাষাশিক্ষা এবং গণমাধ্যমের নানা পরিসরে সহায়তা। বিনিয়োগ সহযোগিতায় চারটি চুক্তি ও বিনিয়োগ প্রতিশ্রুতি, গণমাধ্যম খাতে সহযোগিতা জোরদারে বাংলাদেশ-চীনের মধ্যে চারটি সমঝোতা স্মারক সই হয়। বিনিয়োগ সহায়তায় স্বাক্ষরিত চারটি গুরুত্বপূর্ণ চুক্তি ও বিনিয়োগ প্রতিশ্রুতির মধ্যে রয়েছে বাগেরহাটের মোংলা বন্দরের পাশে চীন-বাংলাদেশ মোংলা পোর্ট অর্থনৈতিক অঞ্চল উন্নয়ন, চট্টগ্রামের আনোয়ারায় চীনা অর্থনৈতিক ও শিল্পাঞ্চল, বাংলাদেশে বিনিয়োগ প্রসার, ব্যাবসায়িক সংযোগ বৃদ্ধি এবং চীনা বিনিয়োগকারীদের সহায়তা জোরদার করা। এ ছাড়া ব্রিকসে বাংলাদেশের অন্তর্ভুক্তির বিষয়ে চীন সহযোগিতা করবে বলে আশ্বস্ত করেন চীনের প্রধানমন্ত্রী। গত ২৫ জুন চীনের পানিসম্পদমন্ত্রী লি গোয়োইং ও প্রধানমন্ত্রী তারেক রহমানের মধ্যে বৈঠক অনুষ্ঠিত হয়। বৈঠকে তিস্তাসহ বাংলাদেশের বিভিন্ন নদীর পানি ব্যবস্থাপনায় দুই দেশের সহযোগিতা বাড়ানোর বিষয়ে ঐকমত্য হয়। চীনা কমিউনিস্ট পার্টি ও বাংলাদেশ জাতীয়তাবাদী দলের (বিএনপি) মধ্যেও একটি সমঝোতা স্মারক সই হয়। বাংলাদেশ ও চীনের মধ্যে বহুমাত্রিক ও কৌশলগত সম্পর্ক বিদ্যমান। সময়ের পরীক্ষায় উত্তীর্ণ এই সম্পর্ক প্রধানমন্ত্রী তারেক রহমানের সফরের মধ্য দিয়ে আরো গতিপ্রাপ্ত হয়েছে। আমরা আশা করি, আগামী দিনগুলোতে দুই দেশের সম্পর্ক ক্রমান্বয়ে এগিয়ে যাবে।

## পিরোজপুর-ভোলার দুটি কলেজের নাম

বাজার শহীদ জিয়াউর রহমান কলেজ রাখা হবে। এছাড়া হবিগঞ্জের মৌলানা আছাদ আলী ডিগ্রি কলেজের নাম পরিবর্তন করে সৈয়দ সঈদউদ্দীন ডিগ্রি কলেজ ও কিশোরগঞ্জের আয়েশা ছিদ্দিক মহিলা কলেজের নাম পরিবর্তন করে আয়েশা ছিদ্দিক মডেল কলেজ করা হবে।

## হামের উপসর্গে

বলছে, ১৫ মার্চ থেকে সোমবার পর্যন্ত মোট সন্দেহজনক হাম রোগীর সংখ্যা ১ লাখ ২১১, আর নিশ্চিত হাম রোগীর সংখ্যা ১১ হাজার ৮৫১। এর মধ্যে হাসপাতালে ভর্তি হয়েছে মোট ৮৩ হাজার ৮০৬ রোগী, যাদের মধ্যে ৮০ হাজার ১৯৩ জন ছাড়পত্র পেয়ে এরই মধ্যে বাড়ি ফিরেছে।

## দুই ধাপে নতুন

চলতি বছরের ১ জুলাই থেকেই নতুন মূল বেতন কার্যকর করা হতে পারে। আর বিভিন্ন ভাতা কার্যকর করা হতে পারে ২০২৭-২৮ অর্থবছর থেকে। নতুন পে-স্কেল বাস্তবায়ন করা হলেও বেতন কমিশনের সুপারিশের তুলনায় বেতন বৃদ্ধির হার কমানো হতে পারে। সংশ্লিষ্ট সূত্রে জানা গেছে, নতুন পে-স্কেল ১ জুলাই থেকে কার্যকর হলেও সরকারি কর্মকর্তা-কর্মচারীরা বাড়তি অর্থ হাতে পাবেন আরও কিছুদিন পরে। কারণ বাস্তবায়ন কৌশল চূড়ান্ত করা, প্রশাসনিক আদেশ জারি, গেজেট প্রকাশ এবং প্রয়োজনীয় আইনি ও কারিগরি প্রক্রিয়া সম্পন্ন করতে কয়েক মাস সময় লাগবে। ফলে জুলাই থেকে কার্যকর হলেও বর্ধিত বেতনের অর্থ একসঙ্গে বকেয়াসহ অক্টোবর মাসে পরিশোধ করা হতে পারে। গত ১১ জুন জাতীয় সংসদে ২০২৬-২৭ অর্থবছরের বাজেট উপস্থাপনকালে অর্থ ও পরিকল্পনামন্ত্রী আমির খসরু মাহমুদ চৌধুরী আনুষ্ঠানিকভাবে নবম পে-স্কেল বাস্তবায়নের ঘোষণা দেন। তিনি বলেন, প্রায় ১১ বছর ধরে সরকারি কর্মকর্তা-কর্মচারীরা একই বেতন কাঠামোতে বেতন-ভাতা পাচ্ছেন। এসময়ে মূল্যস্ফীতির কারণে জীবনযাত্রার ব্যয় উল্লেখযোগ্যভাবে বেড়ে যাওয়ায় নতুন বেতন কাঠামো বাস্তবায়নের সিদ্ধান্ত নেওয়া হয়েছে। অর্থ মন্ত্রণালয় সূত্রে জানা গেছে, প্রথমে নতুন পে-স্কেল তিন ধাপে কার্যকর করার পরিকল্পনা নেওয়া হয়েছিল। ওই পরিকল্পনা অনুযায়ী ২০২৬ সালের ১ জুলাই কমিশনের সুপারিশ করা মূল বেতনের ৫০ শতাংশ, ২০২৭ সালের ১ জুলাই বাকি ৫০ শতাংশ এবং ২০২৮-২৯ অর্থবছর থেকে নতুন ভাতা কার্যকর করার পরিকল্পনা ছিল। তবে বাস্তবায়নের হিসাব করতে গিয়ে দেখা যায়, বার্ষিক ইনক্রিমেন্টের কারণে অনেক কর্মকর্তা-কর্মচারীর বর্তমান মূল বেতন এমন পর্যায়ে পৌঁছেছে যে কমিশনের সুপারিশের মাত্র অর্ধেক কার্যকর করলে প্রকৃত বেতন বৃদ্ধি খুবই সামান্য হবে। এমনকি কিছু ক্ষেত্রে মোট বেতন কমে যাওয়ারও আশঙ্কা তৈরি হয়। এর প্রেক্ষিতে সরকারি চাকরিজীবীদের আপত্তির পর বাস্তবায়ন পরিকল্পনা পরিবর্তন করা হচ্ছে। তিন ধাপের পরিবর্তে এবার দুই ধাপে বাস্তবায়ন করার উদ্যোগ নেওয়া হচ্ছে। এই পরিকল্পনা অনুযায়ী, আগামী ১ জুলাই থেকেই নতুন মূল বেতন এবং ২০২৭-২৮ অর্থবছরের শুরু থেকে নতুন ভাতা কার্যকর করা হবে। সংশ্লিষ্ট সূত্রে জানা গেছে, সরকারের আর্থিক সক্ষমতা বিবেচনায় নবম বেতন কমিশনের প্রস্তাব পুরোপুরি বাস্তবায়ন করা হচ্ছে না। কমিশন বিভিন্ন গ্রেডে ১০০ থেকে ১৪৭ শতাংশ পর্যন্ত বেতন বৃদ্ধির সুপারিশ করলেও বাস্তবায়নের সময় সেই হার কিছুটা কমানো হবে। একই সঙ্গে কয়েকটি ভাতা ও অতিরিক্ত সুবিধার ক্ষেত্রেও কমিশনের সুপারিশ সীমিত আকারে কার্যকর হতে পারে।

## সংসদ দুই চাকার যান

আমির ডা. শফিকুর রহমান। এসময় তিনি বলেন, সংসদ মূলত দুটি চাকার ওপর চলে-একটি সরকারি দল এবং অন্যটি বিরোধী দল। যেকোনো একটি চাকা অকেজো হয়ে গেলে পুরো যানবাহনটিই অচল হয়ে পড়বে। তাই এই দুটি চাকাকেই সচল রাখার আহ্বান জানিয়ে তিনি বলেন, চাকায় পিন বা পেরেক মেরে ফুটো করার প্রবণতা বন্ধ করতে হবে। সোমবার (২৯ জুন) জাতীয় সংসদে স্পিকার হাফিজ উদ্দিন আহমদের সভাপতিত্বে প্রস্তাবিত ২০২৬-২৭ অর্থবছরের বাজেট আলোচনায় অংশ নেন তিনি। বাজেটের সংখ্যাতাত্ত্বিক বিশ্লেষণের চেয়ে এর গভীর রাজনৈতিক ও সামাজিক গুরুত্বের দিকে আলোকপাত করেন বিরোধীদলীয় নেতা। সংসদে কুচকুচ করে কাটার পর ঐক্যবদ্ধ হওয়ার আহ্বান জানানোর যে মানসিকতা, সেই বিভাজনের যন্ত্রটি ফেলে দেওয়ার পরামর্শ দেন তিনি। তিনি স্পষ্ট করে বলেন, সরকারি দলের সব অভিপ্রায় বিরোধীদল চোখ বন্ধ করে মেনে না, আবার সরকার ভালো কোনো উদ্যোগ নিলে বিরোধী দল কেবল বিরোধিতার খাতিরে তার বিরোধিতা করবে না। তিনি সরকারি দলকে বিরোধী পক্ষকে সম্মান করার এবং বিরোধী দলকে সরকারকে সঙ্গত কারণে সহযোগিতা করার মানসিকতা রাখার আহ্বান জানান। সংসদে নিজের নবীনত্বের কথা স্বীকার করে তিনি বলেন, নবীনরা প্রবীণদের কাছ থেকে ভালো কিছু শিখতে চায়, মন্দ কিছু নয়। অতীতে সংসদে দাঁড়িয়ে ব্যক্তিকে তোষামোদ করার জন্য গান, কবিতা ও স্বপ্নবিলাস করার যে সংস্কৃতি ছিল, তার তীব্র সমালোচনা করে ডা. শফিকুর রহমান বলেন, জনগণের ট্যাক্সের টাকা খরচ করে সংসদকে তোষামোদের জায়গায় পরিণত করা উচিত নয়। এটি দায়িত্ব বুঝে নেওয়ার এবং দায়িত্ব পালন করার জায়গা। ব্যক্তিকে খুশি করতে গিয়ে অন্যকে আঘাত করার এবং চরিত্র হননের যে 'ব্যাড কালচার' অতীতে ছিল, স্পিকারের মাধ্যমে তা পুরোপুরি বন্ধ করার জোর দাবি জানান তিনি।

## এই বাজেটের মাধ্যমে

এবং রপ্তানি ও প্রবাস আয়ে অগ্রগতি সাধন এবং দেশের মানুষের উৎপাদনশীল সক্ষমতার ওপর ভর করে আমরা অর্থনীতিকে পুনরুদ্ধারের পথে এগিয়ে নেবো। সোমবার (২৯ জুন) জাতীয় সংসদে ২০২৬-২৭ অর্থবছরের বাজেটের ওপর সমাপনী বক্তব্যে তিনি এসব কথা বলেন। অর্থমন্ত্রী বলেন, মহান জাতীয় সংসদসহ বিভিন্ন পর্যায়ে বাজেট নিয়ে আলোচনা এবং গণমাধ্যমে প্রকাশিত মতামতের মূল ফোকাস ছিল মূল্যস্ফীতি, রাজস্ব আহরণ, বাজেট ঘাটতি অর্থায়ন, ব্যাংকিং খাতের সংস্কার, কর্মসংস্থান, বিনিয়োগ এবং অর্থনীতির সামগ্রিক পুনরুদ্ধার বিষয়ে। এসব প্রশ্ন স্বাভাবিক এবং যৌক্তিক। কারণ জনগণ জানতে চায়- বর্তমান চ্যালেঞ্জসমূহ কার্যকরভাবে মোকাবিলা করে আমরা কীভাবে অর্থনীতিকে একটি শক্তিশালী ও টেকসই ভিত্তির ওপর দাঁড় করাবো। এখন আমি এ লক্ষ্যে উপনীত হওয়ার জন্য আমাদের গৃহীত কৌশলসমূহ তুলে ধরছি। তিনি আরও বলেন, দেশে বিদ্যমান উচ্চ মূল্যস্ফীতি জনগণের কাছে একটি অন্যতম উদ্বেগের বিষয় হয়ে দাঁড়িয়েছে। আমাদের সরকার এ বাস্তবতাকে সর্বোচ্চ গুরুত্বের সঙ্গে বিবেচনা করছে। মূল্যস্ফীতির বিরুদ্ধে লড়াইকে আমরা কেবল একটি অর্থনৈতিক কর্মসূচি হিসেবে নয়, বরং সাধারণ মানুষের জীবনযাত্রার মান উন্নয়নের জন্য একটি সামাজিক দায়িত্ব হিসেবে বিবেচনা করছি।

## চাকরির জন্য তরুণদের

সম্পূর্ণভাবে ধ্বংসস্তূপে পরিণত হয়েছিল বলে মন্তব্য করেছেন প্রধানমন্ত্রী তারেক রহমান। তিনি বলেন, দেশের উৎপাদন ও বিনিয়োগ প্রায় স্থবির হয়ে পড়েছিল, পুঁজিবাজারে সর্বস্ব হারিয়ে সাধারণ মানুষ আত্মহত্যা করেছিল এবং বৈদেশিক মুদ্রার রিজার্ভ ভয়াবহ অবস্থায় পৌঁছেছিল। সেই সঙ্গে বিগত সরকারের নেওয়া বেশ কিছু 'ভ্যানিটি প্রজেক্ট' বা অহেতুক প্রকল্পের কারণে যে দেশি-বিদেশি ঋণ নেওয়া হয়েছিল, তা এখন জাতির ওপর বড় বোঝা হয়ে দাঁড়িয়েছে। সোমবার (২৯ জুন) জাতীয় সংসদে স্পিকার হাফিজ উদ্দিন আহমদ-এর সভাপতিত্বে ২০২৬-২৭ অর্থবছরের প্রস্তাবিত বাজেটের ওপর সাধারণ আলোচনায় অংশ নিয়ে প্রধানমন্ত্রী এ কথা বলেন। প্রধানমন্ত্রী তারেক রহমান তার বক্তব্যে বিরোধী দলের নেতার বক্তব্যের সঙ্গে একমত পোষণ করে বলেন, আমরা দেশের এই অর্থনৈতিক সংকটকে অস্বীকার করতে চাই না, তবে সংকটকে কোনো অজুহাত হিসেবেও ব্যবহার করব না। জনগণকে সঙ্গে নিয়ে রাজনৈতিক সদিচ্ছা ও কার্যকর নীতির মাধ্যমে এই সংকট সফলভাবে মোকাবিলা করা হবে। সরকারের যাত্রালগ্ন থেকেই রমজান মাসে নিত্যপ্রয়োজনীয় পণ্যের দাম মানুষের ক্রয়ক্ষমতার মধ্যে রাখতে আপ্রাণ চেষ্টা করা হয়েছে উল্লেখ করে তিনি বলেন, আন্তর্জাতিক বাজারে তেলের সংকটের কারণে যে বিশাল চাপ তৈরি হয়েছিল, তা দেশের সাধারণ মানুষও বুঝতে পেরেছে। এমন একটি ভঙ্গুর অর্থনীতি ও বহুমুখী সংকটকে সামনে রেখেই এই বাজেট প্রণয়ন করতে হয়েছে। গত ১২ ফেব্রুয়ারি এক অবাধ ও সুষ্ঠু নির্বাচনের মাধ্যমে দেশের মানুষ তাদের যে পবিত্র দায়িত্ব দিয়েছে, তা রক্ষা করতে সরকার বদ্ধপরিকর এবং সরকারের মূল দর্শন হলো 'সবার আগে বাংলাদেশ' এবং 'সবার জন্য বাংলাদেশ'। গণতান্ত্রিক, মানবিক ও অন্তর্ভুক্তিমূলক অর্থনীতির অভিযাত্রা শিরোনামে উপস্থাপিত এবারের বাজেটটি শুধু বার্ষিক আয়-ব্যয়ের হিসাব নয়, বরং অর্থনীতিকে একটি নতুন ভিত্তির ওপর দাঁড় করানোর রূপকল্প বলে উল্লেখ করেন প্রধানমন্ত্রী। তিনি বলেন, নয় লাখ আটত্রিশ হাজার কোটি টাকার এই বাজেটের অন্যতম মূল লক্ষ্য হলো অর্থনীতিকে মুষ্টিমেয় সুবিধাভোগীদের কবল থেকে বের করে এনে সাধারণ মানুষের অংশগ্রহণ নিশ্চিত করা। দেশের সম্পদের সীমাবদ্ধতা থাকা সত্ত্বেও, বিনিয়োগ ও উৎপাদনের চাকা বেগবান করতে উন্নয়ন ব্যয় পঞ্চাশ শতাংশেরও বেশি বৃদ্ধি করে তিন লাখ ষোল হাজার কোটি টাকায় উন্নীত করা হয়েছে। সরকারি বিনিয়োগের ক্ষেত্রে প্রকল্পের পেছনে কত টাকা ব্যয় হলো তা বড় বিষয় নয়, বরং সেই প্রকল্প মানুষের জীবনে কী ভূমিকা রাখবে এবং কতটা কর্মসংস্থান সৃষ্টি করবে, সেটিই সরকারের মূল বিবেচনা। অর্থনৈতিক কৌশল বাস্তবায়নে সরকারের তিনটি ধাপের কথা উল্লেখ করে প্রধানমন্ত্রী বলেন, প্রথম ধাপে মূল্যস্ফীতি নিয়ন্ত্রণ, বৈদেশিক মুদ্রা ব্যবস্থাপনা শক্তিশালীকরণ এবং প্রান্তিক জনগোষ্ঠীর সুরক্ষা নিশ্চিত করা হবে। দ্বিতীয় ধাপে রাজস্ব সংস্কার, ব্যাংকিং খাতের পুনর্গঠন এবং রপ্তানি বহুমুখীকরণ করা হবে। আর চূড়ান্ত ধাপে উৎপাদনশীল ও উদ্ভাবননির্ভর প্রতিযোগিতাপূর্ণ অর্থনীতির ভিত সুদৃঢ় করা হবে। প্রধানমন্ত্রী স্পষ্ট করে বলেন, শুধু জিডিপি প্রবৃদ্ধি বাড়লেই প্রকৃত উন্নয়ন হয় না, প্রকৃত উন্নয়ন তখনই হয় যখন সাধারণ মানুষের ঘরে স্বস্তি আসে এবং তরুণরা যোগ্যতা অনুযায়ী কাজ পায়। ঋণনির্ভর নয়, বরং উৎপাদন ও বিনিয়োগনির্ভর এমন একটি বাংলাদেশ গড়ার পরিকল্পনা নেওয়া হয়েছে যেখানে তরুণদের চাকরির জন্য বছরের পর বছর অপেক্ষা করতে হবে না, বরং তারা নিজেরাই নিজেদের কর্মসংস্থান সৃষ্টি করবে। দেশীয় শিল্পের বিকাশ, রুগ্ন শিল্প কারখানা পুনরুজ্জীবিত করা এবং নতুন শিল্পাঞ্চল ভিত্তিক কর্মসংস্থান সৃষ্টির মাধ্যমে একটি রপ্তানিমুখী ও উদ্ভাবননির্ভর অর্থনীতি গড়ে তোলার প্রত্যয় ব্যক্ত করেন প্রধানমন্ত্রী।

## নিখোঁজের ৩ দিন পর

দেখতে পেয়ে সন্দেহ হলে ঐ স্থান খুঁড়ে লাশটি দেখতে পায়। পরে পুলিশে খবর দেওয়া হলে মুলাদী থানা পুলিশ ঘটনাস্থলে পৌঁছে মাটি খুঁড়ে হারুন হাওলাদারের লাশ উদ্ধার করে। পুলিশের প্রাথমিক জিজ্ঞাসাবাদ ও স্থানীয় সূত্রে জানা গেছে, পারিবারিক কলহ এবং নিহতের স্ত্রীর পরকীয়া জেরে এ হত্যাকাণ্ডের ঘটনা ঘটতে পারে। ঘটনার পর থেকে স্ত্রীর আচরণ সন্দেহজনক হওয়ায় পুলিশ তাৎক্ষণিকভাবে সেলিনা বেগমকে আটক করে থানায় নিয়ে যায়। প্রাথমিক জিজ্ঞাসাবাদে হত্যাকাণ্ডের বিষয়ে কিছু গুরুত্বপূর্ণ তথ্য মিলেছে বলে পুলিশ জানিয়েছে। মুলাদী থানার ভারপ্রাপ্ত কর্মকর্তা (ওসি) খন্দকার সোহেল রানা জানান, ঘটনাস্থল থেকে মাটিচাপা দেওয়া অবস্থায় লাশটি উদ্ধার করা হয়েছে।

## রাজধানীতে সড়ক দুর্ঘটনায়

মোটরসাইকেল চালিয়ে বাসায় ফেরার সময় একটি লড়ি সজোরে থাকা দেয়। এতে মোটরসাইকেলটি ধুমরে মুচড়ে যায় এবং চালক নয়ন হাওলাদার গুরুত্বর আহত হয়। এরপর পুলিশ ঘটনাস্থল থেকে তাকে মুমূর্ষু অবস্থায় উদ্ধার করে হাসপাতালে নিয়ে যায়। সেখানে চিকিৎসাধীন অবস্থায় সাড়ে ৩ টার দিকে মৃত্যুবরণ করেন (ইন্না-লিল্লাহি ওয়া ইন্না ইলাইহী রাজেউন)। মৃত্যুকালে তিনি বাবা-মাসহ অসংখ্য গুণগ্রাহী রেখে গেছেন। তার এই মৃত্যুতে একদিকে পরিবারের আহাজারি, অপরদিকে পুরো এলাকাজুড়ে শোকের মাতম বইছে। এদিকে মরহুমের রুহের মাগফেরাত কামনা ও শোকাহত পরিবারকে সমবেদনা জানিয়েছেন বিভিন্ন সামাজিক ও রাজনৈতিক নেতৃবৃন্দ।

## দেশের মোট আক্রান্তের দশ

হয়েছে। সিভিল সার্জন কার্যালয়ের তথ্য অনুযায়ী, গত বছরের ৩০ জুন পর্যন্ত বরগুনায় ডেঙ্গু আক্রান্তের সংখ্যা ছিল ২ হাজার ৯৩২ জন। এক মাসের ব্যবধানে ৩১ জুলাই তা বেড়ে দাঁড়ায় ৪ হাজার ৮৬০ জনে। শুধু জুলাই মাসেই আক্রান্ত হন এক হাজার ৯২৮ জন। তবে চলতি বছরের ২৮ জুন পর্যন্ত আক্রান্তের সংখ্যা ২১৬ হলেও স্বাস্থ্য বিভাগ বলছে, জুলাই ও আগস্ট মাস ডেঙ্গুর জন্য সবচেয়ে ঝুঁকিপূর্ণ সময়। বরগুনা শহরের প্রাণকেন্দ্রে শহীদ স্মৃতি সড়কসংলগ্ন গণপূর্ত বিভাগের একটি পরিত্যক্ত ডোবা বর্তমানে এডিস মশার অন্যতম প্রজননস্থলে পরিণত হয়েছে। ডোবাটিতে দীর্ঘদিন ধরে দূষিত পানি, প্লাস্টিক ও নানা ধরনের আবর্জনা জমে রয়েছে। আশপাশে অন্তত ২৫টি পরিবার এবং সরকারি-বেসরকারি বিভিন্ন প্রতিষ্ঠান থাকলেও নিয়মিত পরিষ্কার-পরিচ্ছন্নতার অভাবে এলাকাটি ডেঙ্গু বিস্তারের বড় ঝুঁকিতে রয়েছে। স্থানীয়দের অভিযোগ, গত বছরের ভয়াবহ পরিস্থিতির সময় একবার পরিদর্শন ছাড়া সেখানে নিয়মিত পরিচ্ছন্নতা কার্যক্রম পরিচালনা করা হয়নি। ফলে ডোবা ও আশপাশের পরিবেশ আরও নোংরা হয়ে পড়েছে এবং মশার উপদ্রব বেড়েছে। পরিস্থিতি পর্যবেক্ষণে গত বছর আইইডিসিআরের প্রতিনিধি দল বরগুনা শহরের বিভিন্ন এলাকায় 'ব্রেটো ইনডেক্স' পরীক্ষা করে আশঙ্কাজনক হারে এডিস মশার লার্ভা শনাক্ত করে। পরে তারা লার্ভার উৎস ধ্বংস, নিয়মিত ফগিং, ঝুঁকিপূর্ণ এলাকায় বিশেষ অভিযান, জনসচেতনতামূলক প্রচারণা, পানি সংরক্ষণের সঠিক পদ্ধতি অনুসরণ এবং ব্যক্তিগত সুরক্ষা নিশ্চিত করার সুপারিশ দেয়। কিন্তু স্থানীয়দের দাবি, এসব সুপারিশের অধিকাংশই বাস্তবায়ন হয়নি। সরেজমিনে দেখা গেছে, এখনও শহরের বিভিন্ন এলাকায় খোলা ড্রাম ও পাত্রে বৃষ্টির পানি সংরক্ষণ করা হচ্ছে। পাশাপাশি পরিত্যক্ত ডোবা, ঝোপঝাড় ও জলাবদ্ধ স্থানগুলো নিয়মিত পরিষ্কার না হওয়ায় এডিস মশার বংশবিস্তার অব্যাহত রয়েছে। বরগুনা জেলা স্বাস্থ্য অধিকার ফোরামের সভাপতি ও বরগুনার নাগরিক অধিকার সংরক্ষণ কমিটির সাধারণ সম্পাদক মনির হোসেন কামাল বলেন, অপরিকল্পিত ড্রেনেজ ব্যবস্থা ও দীর্ঘস্থায়ী জলাবদ্ধতার কারণে বরগুনায় ডেঙ্গুর ঝুঁকি বাড়ছে। অল্প বৃষ্টিতেই অধিকাংশ সড়কে পানি জমে থাকে, যা এডিস মশার প্রজননের অনুকূল পরিবেশ তৈরি করে। তিনি পৌরসভার ফগিং ও মশক নিয়ন্ত্রণ কার্যক্রম আরও কার্যকর করারও দাবি জানান। স্বাস্থ্য বিশেষজ্ঞদের মতে, শুধু ফগিং করে ডেঙ্গু নিয়ন্ত্রণ সম্ভব নয়। মশার প্রজননস্থল ধ্বংস, নিয়মিত পরিচ্ছন্নতা অভিযান এবং জনসচেতনতা বৃদ্ধিই ডেঙ্গু প্রতিরোধের সবচেয়ে কার্যকর উপায়। এদিকে বরগুনা পৌরসভা জানিয়েছে, নানা সীমাবদ্ধতার মধ্যেও পরিচ্ছন্নতা অভিযান ও মশক নিধন কার্যক্রম চালানো হচ্ছে। জেলা প্রশাসন ও স্বাস্থ্য বিভাগও বলছে, ডেঙ্গু নিয়ন্ত্রণে সমন্বিতভাবে কাজ চলছে এবং জনসচেতনতা বৃদ্ধিতে বিভিন্ন কর্মসূচি অব্যাহত রয়েছে। তবে জনস্বাস্থ্য বিশেষজ্ঞদের সতর্কবার্তা, আইইডিসিআরের সুপারিশগুলো দ্রুত বাস্তবায়ন না হলে বর্ষার বাকি সময়, বিশেষ করে জুলাই ও আগস্টে বরগুনার ডেঙ্গু পরিস্থিতি আবারও ভয়াবহ আকার ধারণ করতে পারে। তাই সরকারি উদ্যোগের পাশাপাশি প্রতিটি পরিবারকে বাড়ির চারপাশ পরিষ্কার রাখা এবং কোথাও তিন দিনের বেশি পানি জমতে না দেওয়ার বিষয়ে সর্বোচ্চ সতর্ক থাকতে হবে।

## ছেলের জন্য পাত্রী দেখতে

আসার আগেই মারা গেছেন। মনপুরা থানার ভারপ্রাপ্ত কর্মকর্তা (ওসি) মাজহারুল ইসলাম জানান, কোনো অভিযোগ না থাকায় মরদেহ পরিবারের কাছে হস্তান্তর করা হয়েছে। তবে থানায়অপমৃত্যুর মামলা হবে।

## জনগণের সমস্যা নয়

বক্তব্যে তিনি এ কথা বলেন। গাজী আতাউর রহমান বলেন, ইসলামী আন্দোলন বাংলাদেশ দীর্ঘদিন ধরে রাজনীতিতে গুণগত পরিবর্তন আনার লক্ষ্যে নিয়মতান্ত্রিকভাবে কাজ করে যাচ্ছে। জুলাই গণঅভ্যুত্থানেও দলীয় পরিচয়ে অংশ নিয়ে সংস্কার ও ফ্যাসিবাদের সঙ্গে জড়িতদের বিচারের প্রত্যাশা ছিল। কিন্তু নির্বাচন-পরবর্তী পরিস্থিতিতে জাতি আশাহত হয়েছে। তিনি বলেন, বর্তমান বাস্তবতায় জনগণের প্রত্যাশাকে ধারণ করে রাজনৈতিকভাবে আরও দক্ষ ও কার্যকর ভূমিকা পালন করতে হবে। সেই লক্ষ্যেই ইসলামী আন্দোলন বাংলাদেশ নতুনভাবে যাত্রা শুরু করেছে। তিনি আশা প্রকাশ করে বলেন, জুলাই গণঅভ্যুত্থানের চেতনার ভিত্তিতে জনপ্রত্যাশার বাংলাদেশ গঠনে দলটি আরও শানিত শক্তি হিসেবে ভূমিকা রাখবে। নবনিযুক্ত মহাসচিব দলের সর্বস্তরের নেতাকর্মী, প্রেসিডিয়াম ও মজলিশে শুরার সদস্যদের প্রতি কৃতজ্ঞতা জানিয়ে বলেন, ১৯৮৭ সালে শুরু হওয়া ইসলামী শাসনতন্ত্র আন্দোলনের প্রধান নির্বাহী হিসেবে অর্পিত দায়িত্ব পালনে তিনি জীবনের সর্বস্ব উৎসর্গ করতেও দ্বিধা করবেন না। দেশের মানুষের প্রত্যাশা পূরণ, দেশকে সুখী-সমৃদ্ধ করা এবং ইসলামের সৌন্দর্য ও শরিয়াহর শ্রেষ্ঠত্ব প্রতিষ্ঠায় সর্বাত্মক প্রচেষ্টা চালিয়ে যাওয়ার প্রত্যয়ও ব্যক্ত করেন তিনি।

## জাতীয় বাজেটে দক্ষিণাঞ্চলের ছয়

অনুষ্ঠিত হয়। এতে বিভিন্ন শ্রেণি-পেশার মানুষ অংশ নিয়ে দক্ষিণাঞ্চলের দীর্ঘদিনের উন্নয়ন বঞ্চনার অবসান এবং জাতীয় বাজেটে প্রয়োজনীয় বরাদ্দ নিশ্চিত করার আহ্বান জানান। মানববন্ধন থেকে উত্থাপিত ৬ দফা দাবির মধ্যে রয়েছে, ভাঙ্গা-কুয়াকাটা মহাসড়ককে দ্রুত ৬ লেনে উন্নীত করা, দক্ষিণাঞ্চলে রেলপথ চালু, পায়রা বন্দরকে পূর্ণাঙ্গভাবে সচল ও কার্যকর করা, বরিশাল শের-ই-বাংলা মেডিকেল কলেজকে মেডিকেল বিশ্ববিদ্যালয়ে উন্নীত করা, ভোলার গ্যাসকে কাজে লাগিয়ে ভোলা-বরিশাল-পটুয়াখালী অঞ্চলে শিল্পাঞ্চল গড়ে তোলা, ভোলা-বরিশাল সেতু নির্মাণ এবং নদীভাঙন রোধে দক্ষিণাঞ্চলের সব জেলায় টেকসই বেড়িবাঁধ নির্মাণ। বক্তারা বলেন, পদ্মা সেতু চালুর ফলে দক্ষিণাঞ্চলের যোগাযোগ ব্যবস্থায় নতুন সম্ভাবনার সৃষ্টি হলেও ভাঙ্গা থেকে কুয়াকাটা পর্যন্ত মহাসড়ক ৬ লেনে উন্নীত করার প্রকল্পে এখনো কার্যকর বরাদ্দ দেয়া হয়নি। একইভাবে দক্ষিণাঞ্চলে রেলপথ নির্মাণসহ গুরুত্বপূর্ণ উন্নয়ন প্রকল্পগুলোও দীর্ঘদিন ধরে উপেক্ষিত রয়েছে। তাদের অভিযোগ, জাতীয় উন্নয়নের ধারায় দক্ষিণাঞ্চল এখনও বৈষম্যের শিকার। এ অঞ্চলের অর্থনৈতিক সম্ভাবনা কাজে লাগাতে অবকাঠামো উন্নয়ন ও শিল্পায়নের বিকল্প নেই। তাই ২০২৬-২৭ অর্থবছরের জাতীয় বাজেটে দক্ষিণাঞ্চলের জন্য বিশেষ বরাদ্দ নিশ্চিত করার দাবি জানান তারা। মানববন্ধনে বক্তারা আরও হুঁশিয়ারি দিয়ে বলেন, আগামী বাজেটে এসব যৌক্তিক দাবির প্রতিফলন না ঘটলে দক্ষিণাঞ্চলের মানুষকে সঙ্গে নিয়ে আরও বৃহত্তর ও দীর্ঘমেয়াদি আন্দোলনের কর্মসূচি ঘোষণা করা হবে।

## খাদ্যপণ্য ও শিল্প খাতে সহযোগিতা

পারস্পরিক সহযোগিতা জোরদারের ওপর গুরুত্বারোপ করা হয়। সোমবার (২৯ জুন) শিল্প মন্ত্রণালয়ে বাণিজ্য, শিল্প এবং বস্ত্র ও পাটমন্ত্রী খন্দকার আব্দুল মুক্তাদিরের সঙ্গে সাক্ষাৎ ও বৈঠক করেন ট্রেডিং করপোরেশন অব পাকিস্তান (টিসিপি)-এর চেয়ারম্যান আসিম আজিম সিদ্দিকীর নেতৃত্বাধীন একটি প্রতিনিধিদল। বৈঠকে বাংলাদেশে নিযুক্ত পাকিস্তানের হাইকমিশনার ইমরান হায়দার উপস্থিত ছিলেন। এছাড়া বৈঠকে শিল্প মন্ত্রণালয়ের সচিব আবদুন নাসের খান ও বাণিজ্য মন্ত্রণালয়ের সচিব আতাউর রহমান খানসহ সংশ্লিষ্ট কর্মকর্তারা অংশ নেন। বৈঠকে খন্দকার আব্দুল মুক্তাদির বলেন, দুই দেশের টেকসই অর্থনৈতিক উন্নয়নের জন্য বাণিজ্য সম্পর্ক আরও জোরদার করা জরুরি। সরকারি ও বেসরকারি খাতের মধ্যে সমন্বয় বাড়ালে নতুন বিনিয়োগ ও ব্যবসায়িক সুযোগ সৃষ্টি হবে। তিনি আরও বলেন, বাণিজ্য সহজীকরণ, শিল্পায়ন এবং ব্যবসাবান্ধব পরিবেশ গড়ে তুলতে সরকার প্রয়োজনীয় সংস্কার কার্যক্রম এগিয়ে নিচ্ছে, যা দুই দেশের বাণিজ্য সম্প্রসারণে সহায়ক হবে। টিসিপি এর চেয়ারম্যান আসিম আজিম সিদ্দিকী জানান, পাকিস্তান বাংলাদেশে চাল, ডাল, ছোলা, সার ও ভোজ্যতেলসহ বিভিন্ন কৃষিপণ্য রপ্তানিতে আগ্রহী। একই সঙ্গে পাকিস্তানের বাজারে বাংলাদেশের উচ্চমানের পাট ও পাটজাত পণ্যের ব্যাপক চাহিদা রয়েছে বলেও তিনি উল্লেখ করেন। তিনি জানান, সরকারি পর্যায়ে খাদ্যপণ্য বাণিজ্য সহজ করতে টিসিবি ও টিসিপি এর মধ্যে সমঝোতা স্মারক (এমওইউ) চূড়ান্ত পর্যায়ে রয়েছে। আগামী জুলাইয়ের প্রথম সপ্তাহেই এটি সই হতে পারে বলে আশা প্রকাশ করা হয়েছে। বৈঠকে আরও জানানো হয়, যেসব পণ্য সরাসরি রপ্তানি সম্ভব নয় সেসব ক্ষেত্রে আন্তর্জাতিক উৎস থেকে প্রতিযোগিতামূলক মূল্যে সরবরাহ নিশ্চিত করার বিষয়ে সহযোগিতার প্রস্তাব দিয়েছে পাকিস্তান প্রতিনিধিদল। তবে এক্ষেত্রে বাংলাদেশের বিদ্যমান নীতিমালা ও আইনগত কাঠামো অনুসরণ করা হবে বলে জানানো হয়। উভয় পক্ষ বাংলাদেশ-পাকিস্তান যৌথ ওয়ার্কিং গ্রুপের কার্যক্রম দ্রুত সক্রিয় করা, ব্যবসায়িক প্রতিনিধি দল বিনিময় এবং কৃষি ও শিল্প খাতে সহযোগিতা সম্প্রসারণে একযোগে কাজ করার বিষয়ে একমত হয়।

## ডেঙ্গুতে একদিনে

ঢাকা দক্ষিণ সিটি কর্পোরেশন এলাকার এবং একজন ময়মনসিংহ বিভাগের বাসিন্দা। গত ২৪ ঘণ্টায় ডেঙ্গুতে আক্রান্ত ১২৪ জনকে হাসপাতালে ভর্তি করা হয়েছে। এ নিয়ে চলতি বছর এখন পর্যন্ত ৫ হাজার ৯২৪ ডেঙ্গু রোগী হাসপাতালে ভর্তি হয়েছেন। এর মধ্যে গত ২৪ ঘণ্টায় ১০০ জনসহ এখন পর্যন্ত সুস্থ হয়ে হাসপাতাল ছেড়েছেন ৫ হাজার ৪৫৫ জন। চলতি বছরের জানুয়ারি থেকে মে মাসের শেষ পর্যন্ত ডেঙ্গুতে ৫ জনের মৃত্যু হয়েছিল। জানুয়ারিতে দুইজন, ফেব্রুয়ারিতে দুইজন, মে মাসে একজনের মৃত্যু হয়। ডেঙ্গুতে চলতি বছর এখন পর্যন্ত মারা যাওয়া ১৮ জনের মধ্যে ১০ জন পুরুষ ও ৮ জন নারী। এখন পর্যন্ত আক্রান্ত হওয়া ৫ হাজার ৯২৪ জনের মধ্যে ৩ হাজার ৬৭৯ জন পুরুষ ও ২ হাজার ২৪৪ জন নারী।

## থ্রি-হুইলারের ভাড়া বহাল, অবৈধ

অ্যাডভোকেট বিলকিস আক্তার জাহান শিরীন বলেন, যাত্রীদের স্বার্থের সঙ্গে কোনো আপস করা হবে না। নগর পরিবহনে আগের ভাড়াই বহাল থাকবে। একই সঙ্গে লাইসেন্সবিহীন ও অবৈধভাবে চলাচলকারী থ্রি-হুইলারের বিরুদ্ধে দ্রুত অভিযান পরিচালনা করা হবে। আইন অমান্যকারীদের কোনো ছাড় দেওয়া হবে না। বরিশাল বিভাগীয় কমিশনার খলিল আহমেদ বলেন, নগরীতে শৃঙ্খলাপূর্ণ পরিবহন ব্যবস্থা নিশ্চিত করতে প্রশাসন কঠোর অবস্থানে রয়েছে। অনুমোদন ছাড়া ভাড়া বৃদ্ধি কিংবা অবৈধ যানবাহনের চলাচল কোনোভাবেই মেনে নেওয়া হবে না। শিগগিরই সিটি কর্পোরেশন, জেলা প্রশাসন ও আইনশৃঙ্খলা বাহিনী যৌথভাবে অভিযান পরিচালনা করবে। সভায় আরও সিদ্ধান্ত হয়, নগরীতে চলাচলকারী সব থ্রি-হুইলারের লাইসেন্স ও প্রয়োজনীয় কাগজপত্র হালনাগাদ রাখা বাধ্যতামূলক। লাইসেন্স নবায়ন না করা কিংবা অবৈধভাবে পরিচালিত যানবাহনের বিরুদ্ধে আইন অনুযায়ী ব্যবস্থা নেওয়া হবে। শিক্ষার্থীদের প্রতিনিধিরা সভায় জানান, তাদের আন্দোলনের উদ্দেশ্য ছিল সাধারণ যাত্রীদের স্বার্থ রক্ষা করা। তারা বলেন, কোনো আলোচনা বা সরকারি সিদ্ধান্ত ছাড়াই ভাড়া বৃদ্ধি সাধারণ মানুষ, বিশেষ করে শিক্ষার্থী ও নিম্ন আয়ের মানুষের ওপর অতিরিক্ত চাপ সৃষ্টি করেছে। প্রশাসন আগের ভাড়া বহাল রাখার সিদ্ধান্ত নেওয়ায় তারা সেটিকে স্বাগত জানিয়েছেন। তবে এ সিদ্ধান্ত মাঠপর্যায়ে কঠোরভাবে বাস্তবায়নেরও দাবি জানান তারা, যাতে ভবিষ্যতে কোনো চালক বা মালিক ইচ্ছেমতো অতিরিক্ত ভাড়া আদায় করতে না পারেন। সমন্বয় সভায় আরও উপস্থিত ছিলেন বরিশাল বিভাগীয় কমিশনার খলিল আহমেদ, বিসিসির প্রধান নির্বাহী কর্মকর্তা মো. রেজাউল বারী, বরিশাল জেলা প্রশাসক মো. খায়রুল কবির সুমন, সরকারি বিএম কলেজের অধ্যক্ষ প্রফেসর ড. শেখ মো. তাজুল ইসলাম, বিসিসির প্রধান প্রকৌশলী মো. হুমায়ুন কবির, নির্বাহী ম্যাজিস্ট্রেট মো. রায়হান উজ জামান, বিভিন্ন শিক্ষাপ্রতিষ্ঠানের শিক্ষার্থী এবং থ্রি-হুইলার মালিক ও চালক সমিতির নেতৃবৃন্দ।

## দক্ষিণাঞ্চলে শিল্পায়নে নতুন

মানুষই রাজধানীতে স্থানান্তরিত হয়েছেন, যার সিংহভাগই তরুণ ও কর্মক্ষম। প্রকৃতির সবটুকু আশীর্বাদ, সহজ যোগাযোগ ব্যবস্থা আর ফাঁকা বিশালাকার জমি থাকা সত্ত্বেও বরিশাল এতদিন পিছিয়ে ছিল শুধু শিল্পাঞ্চলের অভাবে। তবে প্রধানমন্ত্রী?র এই ইপিজেড নির্মাণের ঘোষণায় এবার ভাগ্য বদলাতে যাচ্ছে দক্ষিণাঞ্চলের মানুষের। এ দিকে প্রধানমন্ত্রীর এই ঘোষণায় সবচেয়ে বেশি উচ্ছ্বসিত বরিশালের তরুণ সমাজ, যাদের একটা বড় অংশই পড়াশোনা শেষ করেই কাজের সন্ধানে নিজ জেলা ছেড়ে ঢাকা কিংবা চট্টগ্রামের উদ্দেশ্যে পাড়ি দেয়ার প্রস্তুতি নিচ্ছিল। ?সরকারি ব্রজমোহন (বিএম) কলেজের পদার্থবিজ্ঞান বিভাগের শেষ বর্ষের শিক্ষার্থী আরিফুর রহমান বলেন, 'আমাদের বড় ভাইদের দেখেছি পড়াশোনা শেষ করে চাতক পাখির মতো ঢাকার দিকে চেয়ে থাকতে। বরিশালে কোনো বড় শিল্পকারখানা না থাকায় বাধ্য হয়েই নিজ জেলা ছাড়তে হতো। বরিশালে ইপিজেড হলে আমাদের মতো হাজারো শিক্ষার্থীর কর্মসংস্থান নিজের ঘরেই হবে। আমরা অত্যন্ত আনন্দিত।' সরকারি সৈয়দ হাতেম আলী কলেজের ডিগ্রি প্রথম বর্ষের শিক্ষার্থী তানজিলা আক্তার বলেন, 'নারী শিক্ষার্থীদের জন্য পড়াশোনা শেষে চাকরি খুঁজতে ঢাকা বা অন্য কোনো বড় শহরে যাওয়াটা বেশ ঝুঁকিপূর্ণ ও ব্যয়বহুল। অনেক পরিবারই মেয়েদের একা বাইরে পাঠাতে চায় না। বরিশালে রফতানি প্রক্রি?য়া জোন হলে নারীদের জন্য বিশাল কর্মসংস্থানের সুযোগ তৈরি হবে।' একই কলেজের উচ্চ মাধ্যমিক বিজ্ঞান বিভাগের শিক্ষার্থী মাহিন আহমেদ বলেন, 'ইপিজেড হলে শুধু কলকারখানা নয়, এর আশপাশে আবাসন, পরিবহন ও সেবামূলক খাতেরও বিকাশ ঘটবে। মহাপরিকল্পনাটি যেন দ্রুত কাগজের কলম থেকে বাস্তবে রূপ নেয়।' স্থানীয় অর্থনীতিবিদ ও ব্যবসায়ীরা বলেন, 'এটি কেবল আশ্বাসের বাণী নয়। এই মহাপরিকল্পনা সফল করতে জমি অধিগ্রহণ, গ্যাস সরবরাহ এবং উন্নত যোগাযোগ ব্যবস্থা নিশ্চিত করা প্রয়োজন। ঢাকার সঙ্গে সরাসরি সড়ক যোগাযোগ এবং কাছাকাছি দূরত্বের পায়রা সমুদ্রবন্দর পণ্য আমদানিতে ব্যবসায়ীদের সবচেয়ে বড় সুবিধা দেবে। এর ফলে নিজ জেলাতেই কর্মসংস্থান পাবেন লাখো মানুষ।' সুশাসনের জন্য নাগরিক (সুজন), বরিশালের সাধারণ সম্পাদক রফিকুল আলম বলেন, 'বরিশালে ইপিজেড প্রতিষ্ঠার সিদ্ধান্ত অত্যন্ত সময়োপযোগী। তবে শুধু ঘোষণা দিলেই হবে না, এর দ্রুত বাস্তবায়ন নিশ্চিত করতে হবে। প্রকল্প এলাকায় সুশাসন ও স্বচ্ছতা বজায় রেখে দ্রুত জমি অধিগ্রহণ এবং অবকাঠামো উন্নয়ন করা জরুরি, যাতে আমলাতান্ত্রিক জটিলতায় প্রকল্পটি দীর্ঘায়িত না হয়।' অর্থনীতিবিদ অধ্যাপক আকতারুজ্জামান খান এই উদ্যোগের অর্থনৈতিক গুরুত্ব তুলে ধরে বলেন, 'পায়রা সমুদ্রবন্দরের নিকটবর্তী ভৌগোলিক অবস্থান বরিশালের জন্য একটি বিরাট প্লাস পয়েন্ট। ইপিজেড চালু হলে এখানে সরাসরি বৈদেশিক বিনিয়োগ আসবে। ঢাকার সঙ্গে উন্নত সড়ক যোগাযোগকে কাজে লাগিয়ে খুব কম খরচে পণ্য আনা-নেয়া সম্ভব হবে, যা এই অঞ্চলের জিডিপি বৃদ্ধিতে ঐতিহাসিক ভূমিকা রাখবে।' ?দি বরিশাল চেম্বার অব কমার্স এন্ড ইন্ডাস্ট্রির সভাপতি বীর মুক্তিযোদ্ধা এবায়েদুল হক চাঁন বলেন, 'ব্যবসায়ীরা সবসময় বিনিয়োগের অনুকূল পরিবেশ খোঁজেন। বরিশালে পর্যাপ্ত জমি ও নদীপথের সুবিধা রয়েছে। এখন সরকার যদি ভোলার গ্যাস দ্রুত সরবরাহ ও নিরবচ্ছিন্ন বিদ্যুৎ নিশ্চিত করতে পারে, তবে দেশের শীর্ষস্থানীয় শিল্পগ্রুপগুলোর পাশাপাশি বিদেশি বিনিয়োগকারীরাও এখানে হুমড়ি খেয়ে পড়বেন। এটি হবে দক্ষিণাঞ্চলের বাণিজ্যিক বিপ্লব।' ?বরিশাল বিভাগের অতিরিক্ত বিভাগীয় কমিশনার (সার্বিক) মো. আহসান হাবিব বলেন, 'বরিশালে রফতানি প্রক্রিয়াকরণ অঞ্চল স্থাপনে সরকার অত্যন্ত আন্তরিক। শিগগিরই প্রকল্পটি আলোর মুখ দেখবে এবং দৃশ্যমান অগ্রগতি সাধারণ মানুষ দেখতে পাবে।'

## স্থানীয়দের তৎপরতায় ব্যর্থ

চেষ্টা ব্যর্থ হয়। একপর্যায়ে মো. আলহাজ্ব ফকিরকে আটক করা হলেও তার সহযোগীরা পালিয়ে যেতে সক্ষম হয়। খবর পেয়ে আমতলী থানা পুলিশ ঘটনাস্থলে গিয়ে স্থানীয়দের হাতে আটক আলহাজ্ব ফকিরকে থানায় নিয়ে যায়। রোববার জিজ্ঞাসাবাদে তিনি ডাকাতির প্রস্তুতির সঙ্গে জড়িত থাকার কথা স্বীকার করেছেন এবং তার সহযোগীদের সম্পর্কে গুরুত্বপূর্ণ তথ্য দিয়েছেন বলে পুলিশ জানিয়েছে। আটক আলহাজ্ব ফকিরের বাড়ি শরীয়তপুর জেলার ডামুড্যা উপজেলার শম্ভুকাঠি গ্রামে। তার বাবার নাম মো. রাসেল ফকির। আমতলী থানার ভারপ্রাপ্ত কর্মকর্তা (ওসি) মো. ইয়াকুব আলী বলেন, জিজ্ঞাসাবাদে আলহাজ্ব ফকির ডাকাতির প্রস্তুতি এবং তার সঙ্গে জড়িতদের বিষয়ে তথ্য দিয়েছেন। এ ঘটনায় ডাকাতির প্রস্তুতির অভিযোগে তার বিরুদ্ধে মামলা দায়ের করা হয়েছে। সোমবার তাকে আমতলী সিনিয়র জুডিসিয়াল ম্যাজিস্ট্রেট আদালতে পাঠানো হবে।

## বাবুগঞ্জে উপজেলা আইন-শৃঙ্খলা

সাংবাদিক মহাসিন আলম শামীম, ছাত্রদল নেতা নিয়াজ মাহমুদসহ আইন-শৃঙ্খলা কমিটির সদস্যরা। সভায় মাদক, ইভটিজিং, বাল্যবিবাহ, জুয়া, চুরি, কিশোর গ্যাং, অবৈধভাবে বালু ও মাটি উত্তোলন এবং রেণু পোনা পাচারসহ বিভিন্ন অপরাধমূলক কর্মকাণ্ড নিয়ে প্রায় দুই ঘণ্টাব্যাপী আলোচনা হয়। উপস্থিত সদস্যরা এসব অপরাধ প্রতিরোধে কার্যকর পদক্ষেপ গ্রহণের ওপর গুরুত্বারোপ করেন। এ সময় উপজেলার সার্বিক আইন-শৃঙ্খলা পরিস্থিতি নিয়ন্ত্রণ ও জননিরাপত্তা নিশ্চিত করতে প্রয়োজনীয় বিভিন্ন দিকনির্দেশনা প্রদান করেন সভার সভাপতি উপজেলা নির্বাহী কর্মকর্তা আসমা উল হুসনা।

## মধ্যপ্রাচ্যে যুদ্ধের দামামায় বিশ্ববাজারে ফের বাড়ল তেলের দাম

**কীর্তনখোলা ডেস্ক**

মধ্যপ্রাচ্যে নতুন করে চড়েছে উত্তেজনার পারদ। যুক্তরাষ্ট্র ও ইরানের মধ্যে পাল্টাপাল্টি হামলার পর বিশ্ববাজারে আবার বেড়ে গেছে জ্বালানি তেলের দাম। সপ্তাহান্তে দুই দেশের এই সংঘাত হরমুজ প্রণালিতে স্বাভাবিক নৌচলাচল নিয়ে নতুন সংশয় তৈরি করেছে। আন্তর্জাতিক বাজারে সোমবার (২৯ জুন) তেলের দাম প্রায় ০ দশমিক ৯ শতাংশ বৃদ্ধি পেয়েছে। আগস্ট মাসে সরবরাহের জন্য প্রতি ব্যারেল ব্রেন্ট ক্রুড তেলের দাম দাঁড়িয়েছে ৭৩ দশমিক ২১ ডলার। গত ২৮ ফেব্রুয়ারি ইরানের সঙ্গে যুক্তরাষ্ট্র-ইসরায়েলের যুদ্ধ শুরুর আগের দিনের চেয়ে এটি ১২৭ সেন্ট বেশি। বাজার বিশ্লেষকদের মতে, যুদ্ধবিরতির আশায় বাজারে যে স্বস্তি ফিরেছিল, তা হয়তো বেশি তাড়াহুড়ো ছিল। একটি সমঝোতা স্মারক সই হওয়া সত্ত্বেও হামলা বন্ধ হয়নি। গত বৃহস্পতিবার একটি বাণিজ্যিক জাহাজে হামলার পর এই সপ্তাহান্তের পাল্টা হামলা বাজারের চিত্র বদলে দিয়েছে। তেলের দাম বাড়ার পাশাপাশি এশিয়ার শেয়ারবাজারে মিশ্র প্রবণতা দেখা গেছে সোমবার সকালে। টোকিও এবং সিউলের শেয়ারবাজারে ধস নেমেছে। তবে হংকং এবং তাইপের বাজারে সূচক ঊর্ধ্বমুখী ছিল। জাপানের প্রধান সূচক নিক্কেই ২২৫ কমেছে ০ দশমিক ৭ শতাংশ। অন্যদিকে দক্ষিণ কোরিয়ার কসপি সূচক কমেছে ১ দশমিক ৯ শতাংশ। হরমুজ প্রণালিতে দুটি বাণিজ্যিক জাহাজে হামলার অভিযোগে গত শুক্র ও শনিবার ইরানে হামলা চালায় মার্কিন সেন্ট্রাল কমান্ড। বিশ্বজুড়ে উৎপাদিত তেল ও তরলীকৃত প্রাকৃতিক গ্যাসের এক-পঞ্চমাংশ এই হরমুজ প্রণালি দিয়ে পরিবাহিত হয়। এই হামলার জবাবে ইরানও বাহরাইন ও কুয়েতে মার্কিন সামরিক ঘাঁটি লক্ষ্য করে ক্ষেপণাস্ত্র ও ড্রোন ছোড়ে। অবশ্য রোববার রাতে মার্কিন গণমাধ্যমগুলো জানিয়েছে, দুই পক্ষই হামলা বন্ধ করে ফের আলোচনা শুরু করতে রাজি হয়েছে।

## ইয়াবাসহ গ্রেপ্তারের ঘটনায়

বিজ্ঞপ্তিতে বলা হয়েছে, দলীয় শৃঙ্খলা ভঙ্গ এবং সংগঠন পরিপন্থি অনৈতিক কর্মকাণ্ডে জড়িত থাকার সুনির্দিষ্ট ও স্পষ্ট অভিযোগের ভিত্তিতে মো. রুবেলকে সূর্যমনি ইউনিয়ন ছাত্রদলের সাধারণ সম্পাদক পদ এবং বাউফল উপজেলা ছাত্রদলের প্রাথমিক সদস্যপদসহ দলের সব পর্যায়ের পদ থেকে বহিষ্কার করা হয়েছে। বহিষ্কারাদেশে সংগঠনের সব পর্যায়ের নেতাকর্মীদের রুবেলের সঙ্গে কোনো ধরনের সাংগঠনিক যোগাযোগ বা সম্পর্ক না রাখার নির্দেশনা দেওয়া হয়েছে। বাউফল উপজেলা ছাত্রদলের সভাপতি আব্দুল্লাহ আল ফাহাদ ও ভারপ্রাপ্ত সাধারণ সম্পাদক মো. নিয়াজ খান এ সিদ্ধান্ত অনুমোদন করেছেন বলে সংবাদ বিজ্ঞপ্তিতে জানানো হয়। উপজেলা ছাত্রদলের সভাপতি আব্দুল্লাহ আল ফাহাদ বলেন, দলের শৃঙ্খলা ও আদর্শের প্রশ্নে ছাত্রদল কোনো ধরনের আপস করে না। সংগঠনবিরোধী বা আইনবিরোধী কর্মকাণ্ডে জড়িত থাকার অভিযোগে প্রাথমিক সত্যতা পাওয়ায় সাংগঠনিক বিধি অনুযায়ী রুবেল ভূঁইয়াকে বহিষ্কার করা হয়েছে। ভবিষ্যতেও দলের ভাবমূর্তি ক্ষুণ্ন করে এমন কোনো কর্মকাণ্ডে জড়িতদের বিরুদ্ধে কঠোর সাংগঠনিক ব্যবস্থা নেওয়া হবে। উল্লেখ্য, এর আগে গত ২৬ জুন ইয়াবাসহ রুবেল ভূঁইয়াকে গ্রেপ্তার করে আইনশৃঙ্খলা বাহিনী।

## ঝালকাঠিতে যুবলীগের

ঝালকাঠি সদর থানায় ছাত্রদল নেতা সুমন মণ্ডল দায়ের করা বিস্ফোরক আইনের একটি মামলায় আসামিদের পক্ষে জামিন আবেদন করেন আইনজীবী বনি আমিন আমিন বাকলাই। তবে শুনানি শেষে চিফ জুডিশিয়াল ম্যাজিস্ট্রেট এইচ এম কবির আহমেদ তাদের জামিন আবেদন নামঞ্জুর করে কারাগারে পাঠানোর নির্দেশ দেন। এর আগে গত ২৪ জুন রাজধানীর পিজি হাসপাতাল এলাকা থেকে ঢাকা মহানগর গোয়েন্দা পুলিশ (ডিবি) তাদের আটক করে। তাদের বিরুদ্ধে ঢাকার নিউমার্কেট থানার একটি হত্যা মামলাসহ ঝালকাঠির একাধিক বিস্ফোরক মামলায় গ্রেপ্তার দেখানো হয়েছে। পরে বিকেলে চার আসামিকে ঝালকাঠি জেলা কারাগারে পাঠানো হয়। এর আগে গত ২৭ জুন সন্ধ্যায় তাদের ঢাকা থেকে ঝালকাঠিতে আনা হয়েছিল। এ ঘটনায় এলাকায় ব্যাপক আলোচনা-সমালোচনার সৃষ্টি হয়েছে এবং আদালত চত্বরে নিরাপত্তা জোরদার করা হয়।

## সৈকতে আবারও ভেসে এলো

জমে সেখানে। বাংলাদেশ জীববৈচিত্র্য সংরক্ষণ ফেডারেশনের (বিবিসিএফ) কেন্দ্রীয় কমিটির সহ-সাংগঠনিক সম্পাদক ও উপরার আহ্বায়ক কেএম বাচ্চু জানান, স্থানীয় ট্যুর গাইড তরিকুল ইসলাম সকালে তিমিটি দেখতে পেয়ে তাদের খবর দেন। পরে বন বিভাগকে বিষয়টি জানানো হয়। তার ভাষ্য, তিমিটির দৈর্ঘ্য প্রায় ৫৬ ফুট এবং প্রস্থ ১৬ ফুট। প্রাথমিকভাবে ধারণা করা হচ্ছে, প্রায় এক সপ্তাহ আগে প্রাণীটির মৃত্যু হয়েছে। তবে মৃত্যুর কারণ নিশ্চিত হওয়া যায়নি। উপকূল ডলফিন রক্ষা কমিটির টিম লিডার রুমান ইমতিয়াজ তুষার বলেন, এর আগে ২০১৮, ২০২২ এবং চলতি বছরের ৩ জুন কুয়াকাটা সৈকতে মৃত তিমি ভেসে এসেছিল। স্বল্প সময়ের ব্যবধানে আবারও এমন ঘটনা ঘটায় তিনি এর কারণ অনুসন্ধান এবং সামুদ্রিক প্রাণীর মৃত্যুর বিষয়ে গবেষণা জোরদারের আহ্বান জানান। পটুয়াখালী বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়ের ফিশারিজ বিভাগের অধ্যাপক রাজীব সরকার বলেন, বাহ্যিক বৈশিষ্ট্য দেখে এটিকে বেলিন তিমি বলে ধারণা করা হচ্ছে। সমুদ্রের পরিবেশগত পরিবর্তন, খাদ্যসংকট, অসুস্থতা, জাহাজের সঙ্গে সংঘর্ষ কিংবা সমুদ্রস্রোতের কারণে এ ধরনের সামুদ্রিক স্তন্যপায়ী প্রাণী উপকূলে ভেসে আসতে পারে। তবে মৃত্যুর প্রকৃত কারণ জানতে বৈজ্ঞানিক পরীক্ষা প্রয়োজন। তিনি আরও বলেন, তিমিটির নমুনা সংগ্রহ ও প্রজাতি শনাক্তের উদ্যোগ নেওয়ার পাশাপাশি ভবিষ্যৎ গবেষণার স্বার্থে এর কঙ্কাল সংরক্ষণের বিষয়টিও বিবেচনা করা যেতে পারে। কলাপাড়া উপজেলা নির্বাহী কর্মকর্তা (ভারপ্রাপ্ত) ইয়াসীন সাদেক বলেন, তিমিটি পচাগলা অবস্থায় থাকায় বন বিভাগ ও পৌরসভার সহযোগিতায় সেটিকে মাটিচাপা দেওয়ার নির্দেশ দেওয়া হয়েছে, যাতে দুর্গন্ধের কারণে স্থানীয় বাসিন্দা ও পর্যটকদের ভোগান্তি না হয়।

## ঝালকাঠিতে জাটকা সংরক্ষণে

জালের ব্যবহার বন্ধে প্রশাসনের এ ধরনের অভিযান ভবিষ্যতেও অব্যাহত থাকবে। ঝালকাঠি সদর উপজেলা নির্বাহী কর্মকর্তা সেগুফতা মেহনাজ বলেন, সরকারি নিষেধাজ্ঞা অমান্য করে যারা নদীতে অবৈধ চায়না দুয়ারি জাল ব্যবহার করছেন, তাদের বিরুদ্ধে নিয়মিত মোবাইল কোর্ট পরিচালনা করা হচ্ছে। নদীর প্রাকৃতিক পরিবেশ ও মৎস্যসম্পদ রক্ষায় প্রশাসনের এ অভিযান চলমান থাকবে।এসময় উপস্থিত ছিলেন সদর উপজেলা সহকারী কমিশনার (ভূমি) এস. এম. মেহেদী হাসান এবং সিনিয়র উপজেলা মৎস্য কর্মকর্তা সাইয়্যেদা। অভিযানে আইনশৃঙ্খলা রক্ষায় ঝালকাঠি নৌ পুলিশের একটি দল সহায়তা করে। উল্লেখ্য, ২০২৫-২৬ অর্থবছরের রাজস্ব বাজেটের আওতায় জাটকা সংরক্ষণ অভিযান গত ১ নভেম্বর ২০২৫ থেকে শুরু হয়ে আগামী ৩০ জুন ২০২৬ পর্যন্ত চলবে। এ কর্মসূচির প্রতিপাদ্য, 'জাটকা মাছ রক্ষা করি, ইলিশ সম্পদ বৃদ্ধি করি।'

## আ.লীগ নেতার নেতৃত্বে মন্দিরের

হলেন ষোলসত গ্রামের সোনারাম চক্রবর্তীর ছেলে ও স্থানীয় আনসার ভিডিপির ইউপি কমান্ডার তপন চক্রবর্তী, তার মা বকুল রানী চক্রবর্তী এবং প্রতিবেশী মৃত নারায়ণ চন্দ্র শিলের ছেলে মিলন কুমার শিল। ?অভিযুক্ত হামলাকারীরা হলেন স্থানীয় আওয়ামী লীগ নেতা মো: আজিজুল শেখ (৫৫), তাঁর, স্ত্রী মুঞ্জিলা বেগম এবং পুত্রবধূ আরজু বেগম (স্বামী- নূর ইসলাম)। তারা সবাই শোলসত এলাকার বাসিন্দা। ?ঘটনা ও প্রত্যক্ষদর্শী সূত্রে জানা যায় ?দীর্ঘদিন ধরেই শোলসত বাবুরহাট এলাকার 'নিলখোলা শিব মন্দির'-এর জায়গা দখলের চেষ্টা চালিয়ে আসছিলেন স্থানীয় প্রভাবশালী আওয়ামী লীগ নেতা আজিজুল শেখ। সকালে আজিজুল শেখ ও তাঁর পরিবারের সদস্যরা পরিকল্পিতভাবে ওই মন্দিরের জায়গা দখল করতে গেলে স্থানীয়রা বাধা প্রদান করেন। এতে ক্ষিপ্ত হয়ে আজিজুল শেখের নেতৃত্বে একদল সন্ত্রাসী দেশীয় অস্ত্রশস্ত্রে সজ্জিত হয়ে বাধা প্রদানকারীদের ওপর অতর্কিত হামলা চালায়। ?হামলাকারীরা আনসার ভিডিপি কমান্ডার তপন চক্রবর্তীকে লক্ষ্য করে ধারালো অস্ত্র দিয়ে মাথায় কোপ মারলে তিনি রক্তাক্ত জখম হন। এ সময় তাকে বাঁচাতে এগিয়ে এলে তাঁর মা বকুল রানী চক্রবর্তী এবং প্রতিবেশী মিলন কুমার শিলকেও পিটিয়ে ও কুপিয়ে জখম করা হয়। ?ঘটনার পর পরই স্থানীয়রা আহতদের উদ্ধার করে দ্রুত নাজিরপুর উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্সে নিয়ে যান। হাসপাতালের কর্তব্যরত চিকিৎসক ডা. আকাশ কুণ্ড জানান, "আহত তপন চক্রবর্তীর মাথায় গুরুতর ধারালো অস্ত্রের আঘাত রয়েছে, যেখানে বেশ কয়েকটি সেলাই দিতে হয়েছে। এ ছাড়া শরীরের বিভিন্ন স্থানে গুরুতর জখম ও অভ্যন্তরীণ রক্তক্ষরণের কারণে তাঁর অবস্থা আশঙ্কাজনক হওয়ায় উন্নত চিকিৎসার জন্য জরুরি ভিত্তিতে খুলনা মেডিকেল কলেজ হাসপাতালে প্রেরণ করা হয়েছে। বাকি দুইজনকে নাজিরপুর স্বাস্থ্য কমপ্লেক্সে ভর্তি রেখে চিকিৎসা দেওয়া হচ্ছে। ?ঘটনার খবর পেয়ে নাজিরপুর থানার ওসি (তদন্ত) আব্দুল হালিম হাসপাতালে আহতদের দেখতে যান এবং সার্বিক পরিস্থিতির খোঁজখবর নেন। এ সময় সাংবাদিকদের প্রশ্নের জবাবে তিনি বলেন, "এই জমি সংক্রান্ত বিষয়টি আমরা পূর্ব থেকেই অবগত এবং আমাদের ঊর্ধ্বতন কর্তৃপক্ষও বিষয়টি জানেন। অভিযুক্ত আজিজ শেখ একজন অত্যন্ত উশৃঙ্খল প্রকৃতির মানুষ এবং তাঁর বিরুদ্ধে পূর্বেও এলাকায় একাধিক অভিযোগ রয়েছে।" ?তিনি আরও জানান, এই নৃশংস হামলার ঘটনায় জড়িতদের বিরুদ্ধে আইনগত ব্যবস্থা গ্রহণ করা হচ্ছে এবং প্রধান অভিযুক্ত আজিজুল শেখসহ বাকিদের গ্রেফতারের জন্য পুলিশের বিশেষ অভিযান অব্যাহত রয়েছে। এলাকায় বর্তমানে থমথমে পরিস্থিতি বিরাজ করছে।

## বাউফলে অ্যাম্বুলেন্স সিন্ডিকেটের

অ্যাম্বুলেন্স আনতে বাধা দিয়ে নিজেদের নির্ধারিত গাড়ি ব্যবহারে বাধ্য করে। রোগীর কোনো স্বজন যদি বাইরে থেকে গাড়ি আনার চেষ্টা করেন, তবে তাকে নানা ধরনের হুমকি ও প্রতিবন্ধকতার মুখে পড়তে হয়। ফলে বাধ্য হয়েই অতিরিক্ত ভাড়া গুনে রোগীদের নিয়ে রওনা হতে হচ্ছে স্বজনদের। স্থানীয় বাসিন্দারা ক্ষোভ প্রকাশ করে জানান, সরকারি অ্যাম্বুলেন্সে বরিশাল গেলে আড়াই হাজার টাকা লাগে। আর সিন্ডিকেটের অ্যাম্বুলেন্সে বরিশাল যেতে ৫/৬ হাজার টাকা ভাড়া গুনতে হয়। বাউফল উপজেলা স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা কর্মকর্তা ডা. আব্দুর রউফ সিন্ডিকেটের কথা স্বীকার করে বলেন, অ্যাম্বুলেন্স সিন্ডিকেটের কারণে আমরা দীর্ঘদিন ধরে সমস্যার মধ্যে আছি। কিছু বেসরকারি অ্যাম্বুলেন্স চালক ও তাদের সহযোগীদের কর্মকাণ্ডে হাসপাতালের চিকিৎসার পরিবেশ নষ্ট হচ্ছে। তিনি আরও বলেন, বিষয়টি এককভাবে সমাধান করা তার পক্ষে সম্ভব নয়। তাই চলতি বছরের মার্চ মাসে স্থানীয় সংসদ সদস্য, উপজেলা নির্বাহী কর্মকর্তা (ইউএনও) এবং থানার ভারপ্রাপ্ত কর্মকর্তাকে (ওসি) লিখিতভাবে অবহিত করা হয়েছে। বিষয়টি স্থানীয় প্রশাসনের নজরে এনে প্রয়োজনীয় ব্যবস্থা নেওয়ার জন্য সংশ্লিষ্টদের অনুরোধ জানিয়েছি।

## লোডশেডিং ইস্যুতে গুজব নয়

সবাইকে ধৈর্য, সামাজিক দায়িত্ববোধ এবং আইনের প্রতি শ্রদ্ধাশীল থেকে পরিস্থিতি মোকাবিলা করতে হবে। রোববার (২৯ জুন) এক বিবৃতিতে তিনি বলেন, আন্তর্জাতিক জ্বালানি বাজারের অস্থিরতা, বিদ্যুৎ উৎপাদনে সীমাবদ্ধতা, অবকাঠামোগত বিভিন্ন চ্যালেঞ্জ এবং চাহিদা-সরবরাহের ভারসাম্যহীনতার কারণে দেশের বিভিন্ন স্থানে বিদ্যুৎ সরবরাহে বিঘ্ন ঘটছে। এতে সাধারণ মানুষের ভোগান্তি বাড়লেও পরিস্থিতি স্বাভাবিক করতে সংশ্লিষ্ট কর্তৃপক্ষ নিরলসভাবে কাজ করছে। তিনি বলেন, মানুষের অসুবিধা ও দুর্ভোগের বিষয়টি পল্লী বিদ্যুৎ কর্তৃপক্ষ আন্তরিকভাবে উপলব্ধি করে। তবে যেকোনো সমস্যা বা অসন্তোষ প্রকাশের ক্ষেত্রে আইনসম্মত ও শান্তিপূর্ণ পন্থা অনুসরণ করা জরুরি। কোনোভাবেই সরকারি বা ব্যক্তিগত সম্পদের ক্ষতি, জনদুর্ভোগ সৃষ্টি কিংবা আইনশৃঙ্খলা পরিস্থিতির অবনতি ঘটানো উচিত নয়। প্রকৌশলী আব্দুল হালিম খান আরও বলেন, সামাজিক যোগাযোগমাধ্যমে যাচাইবিহীন তথ্য, গুজব বা উসকানিমূলক পোস্ট শেয়ার করা থেকে সবাইকে বিরত থাকতে হবে। ভুল তথ্য দ্রুত ছড়িয়ে পড়ে জনমনে বিভ্রান্তি সৃষ্টি করতে পারে। তাই কোনো তথ্য প্রচার বা শেয়ার করার আগে তার সত্যতা নিশ্চিত করার পাশাপাশি অন্যদেরও সচেতন করার আহ্বান জানান তিনি। তিনি অভিভাবক, শিক্ষক, জনপ্রতিনিধি, রাজনৈতিক নেতৃবৃন্দ, ধর্মীয় ব্যক্তিত্ব, গণমাধ্যমকর্মী, তরুণ সমাজ এবং সচেতন নাগরিকদের প্রতি শান্তিপূর্ণ পরিবেশ বজায় রাখতে সম্মিলিতভাবে কাজ করার আহ্বান জানান। তিনি বলেন, সংকট মোকাবিলায় পারস্পরিক সহযোগিতা, সহনশীলতা এবং দায়িত্বশীল আচরণের কোনো বিকল্প নেই। বিবৃতিতে ডিজিএম আরও বলেন, দেশের স্বার্থ, সামাজিক স্থিতিশীলতা এবং আগামী প্রজন্মের নিরাপদ ভবিষ্যতের কথা বিবেচনা করে সবাইকে শান্তি, শৃঙ্খলা ও সম্প্রীতি বজায় রাখতে হবে। ধৈর্য, পারস্পরিক সহযোগিতা এবং সামাজিক দায়িত্ববোধের মাধ্যমেই বর্তমান বিদ্যুৎ পরিস্থিতি সফলভাবে মোকাবিলা করা সম্ভব। তিনি আশাবাদ ব্যক্ত করে বলেন, বিদ্যুৎ সরবরাহ স্বাভাবিক রাখতে সংশ্লিষ্ট কর্তৃপক্ষ নিরবচ্ছিন্নভাবে কাজ করছে। এ সময় জনগণের সহযোগিতা, সংযম ও সচেতনতাই পরিস্থিতি দ্রুত স্বাভাবিক করতে গুরুত্বপূর্ণ ভূমিকা রাখবে।

## কোটি টাকা নিয়ে উধাও ব্যাংকের

তারা মানববন্ধন কর্মসূচিও পালন করেন। শুধু গ্রাহকই নয় ব্যাংকের এজেন্ট মোস্তাফিজুর রহমান আইয়ুব আলীর মাদার অ্যাকাউন্ট থেকেও ১০ লাখ টাকা নিয়ে গেছে রিয়াদ। ভুক্তভোগী গ্রাহকরা অভিযোগ করেন, টাকা গ্রহণের পর জমাকৃত অর্থ ব্যাংকের অনলাইন সিস্টেমে অন্তর্ভুক্ত না করে আত্মসাৎ করেন রিয়াদ। গ্রাহকের মোবাইলে জমার বার্তা না পৌঁছালে সার্ভারে সমস্যা বলে তিনি এড়িয়ে যান। পরে তার আত্মসাতের বিষয়টি এজেন্ট ও গ্রাহকদের নজরে এলে সে গা ঢাকা দেয়। লামিয়া নামের এক গ্রাহক বলেন, আমি সর্বস্বান্ত হয়ে গেলাম। আমার সব টাকা নিয়ে পালিয়েছে। ব্যাংকটির এজেন্ট মোস্তাফিজুর রহমান আইয়ুব আলী বলেন, অর্থ আত্মসাতের বিষয়টি ব্যাংক কর্তৃপক্ষকে অবহিত করা হয়েছে এবং ভুক্তভোগীদের টাকা ফেরতের বিষয়ে বিভিন্ন পদক্ষেপ গ্রহণ করা হচ্ছে।

## ৬ মাসে বাংলাদেশ ও আশপাশে

হয়। এরপর জুন মাসে ৬টি, মে মাসে ৪টি এবং জানুয়ারি ও মার্চ মাসে ২টি করে ভূমিকম্প রেকর্ড করা হয়েছে। তীব্রতার ভিত্তিতে বিশ্লেষণে দেখা যায়, মোট ৩২টি ভূমিকম্পের মধ্যে ১৩টি ছিল 'লাইট' বা মৃদু মাত্রার। এ ছাড়া ৯টি ছিল 'মাইনর', ৮টি 'মডারেট' বা মাঝারি মাত্রার এবং ১টি ছিল খুবই মৃদু মাত্রার। একই সময়ে ১টি 'মেজর' বা তীব্র মাত্রার ভূমিকম্পও রেকর্ড করা হয়েছে। আবহাওয়া অধিদপ্তরের তথ্য অনুযায়ী, গত ২২ ফেব্রুয়ারি ঢাকা থেকে প্রায় ৩ হাজার ৩৪১ কিলোমিটার দূরে ৭ দশমিক ১ মাত্রার একটি শক্তিশালী ভূমিকম্প অনুভূত হয়। চলতি বছরে এটিই এখন পর্যন্ত সর্বোচ্চ মাত্রার ভূমিকম্প। সবশেষ গত ২৮ জুন রাতে ঢাকা থেকে ৩৩৪ কিলোমিটার দূরে ৪ দশমিক ১ মাত্রার একটি ভূমিকম্প রেকর্ড করা হয়েছে। এর আগে ২২ জুন ঢাকা থেকে মাত্র ১৬ কিলোমিটার দূরে ৪ দশমিক ০ মাত্রার একটি ভূমিকম্প অনুভূত হয়। এছাড়া ১৮ জুন ঢাকা থেকে ৩৬১ কিলোমিটার দূরে ৪ দশমিক ৪ মাত্রার একটি মৃদু কম্পন, ১১ জুন ২৯০ কিলোমিটার দূরে ৪ দশমিক ৫ মাত্রার মৃদু কম্পন, ৯ জুন ২৮০ কিলোমিটার দূরে ৩ দশমিক ১ মাত্রার হালকা কম্পন এবং ৭ জুন ৪৩২ কিলোমিটার দূরে ৫ দশমিক ৫ মাত্রার মাঝারি ভূমিকম্প রেকর্ড করা হয়েছে। এ বিষয়ে বাংলাদেশ আবহাওয়া অধিদপ্তরের ভূমিকম্প পর্যবেক্ষণ ও গবেষণা কেন্দ্রের সহকারী আবহাওয়াবিদ ফারজানা সুলতানা বলেন, বছরের প্রথম ছয় মাসে বাংলাদেশ ও আশপাশের এলাকায় তুলনামূলক বেশি সংখ্যক ভূমিকম্প রেকর্ড হলেও এটিকে অস্বাভাবিক হিসেবে দেখার সুযোগ নেই। কোনো সময় ভূমিকম্পের সংখ্যা কিছুটা বেশি থাকে, আবার কোনো সময় কম থাকে। এ ধরনের ওঠানামা স্বাভাবিক একটি প্রক্রিয়া। তিনি বলেন, আগের বছরের তুলনায় বর্তমানে কিছুটা বেশি ভূমিকম্প রেকর্ড হয়েছে বলা যেতে পারে। তবে অধিকাংশ ভূমিকম্পই বাংলাদেশের সীমান্তবর্তী এলাকায় সংঘটিত হচ্ছে। পাশাপাশি এখন ছোট মাত্রার ভূমিকম্পও শনাক্ত করা সম্ভব হচ্ছে। আগে যেসব কম মাত্রার ভূমিকম্প রেকর্ডে আসত না, এখন সেগুলোও পর্যবেক্ষণে ধরা পড়ছে। ফলে ভূমিকম্পের সংখ্যা আগের তুলনায় কিছুটা বেশি বলে মনে হচ্ছে। ভূমিকম্পের কারণ সম্পর্কে ফারজানা সুলতানা বলেন, এ অঞ্চলের টেকটোনিক প্লেটগুলোর স্বাভাবিক গতিশীলতার কারণেই ভূমিকম্প হয়ে থাকে। ভারতীয় প্লেট উত্তর দিকে অবস্থিত ইউরেশীয় প্লেটের নিচে সাবডাকশন প্রক্রিয়ার মাধ্যমে প্রবেশ করছে। ভারতীয় প্লেটটি বছরে গড়ে প্রায় ছয় সেন্টিমিটার করে অগ্রসর হয়। প্লেটগুলোর এই চলাচল এবং ভূত্বকের অভ্যন্তরে সৃষ্ট চাপের কারণেই সময়ে সময়ে বাংলাদেশ ও এর আশপাশের অঞ্চলে ছোট-বড় ভূমিকম্প অনুভূত হয়।

## বাংলাদেশের সঙ্গে সহযোগিতা তৃতীয়

সঙ্গে তাদের এই সহযোগিতা যেকোনও তৃতীয় পক্ষের প্রভাব থেকে মুক্ত থাকা উচিত। বেইজিংয়ে এক সংবাদ ব্রিফিংয়ে ভারতের উদ্বেগের বিষয়ে প্রশ্নের জবাবে চীনের পররাষ্ট্র মন্ত্রণালয়ের মুখপাত্র গুও জিয়াকুন ওই মন্তব্য করেছেন। সোমবার ভারতীয় সংবাদমাধ্যম এনডিটিভির এক প্রতিবেদনে বলা হয়েছে, তিস্তা অববাহিকা ভারতের উত্তর-পূর্বাঞ্চলীয় অঞ্চলের একেবারে কাছাকাছি অবস্থিত। যে কারণে এটি ঢাকা-বেইজিং যৌথ উদ্যোগের বিষয়ে ভারতের উদ্বেগের মূল ভিত্তি। চীনের পররাষ্ট্র মন্ত্রণালয়ের মুখপাত্র গুও জিয়াকুন বলেন, ''আমি জোর দিয়ে বলতে চাই, চীন-বাংলাদেশ সহযোগিতা কোনও তৃতীয় পক্ষকে লক্ষ্য করে নয় এবং এটি তৃতীয় পক্ষের প্রভাব থেকে মুক্ত থাকা উচিত।'' চীন এটিকে জীবনযাত্রার মান উন্নয়ন কিংবা জনকল্যাণমূলক প্রকল্প হিসেবে অভিহিত করেছে; যা বাংলাদেশের জন্য অত্যন্ত গুরুত্বপূর্ণ। জিয়াকুন বলেন, তিস্তা নদীর সমন্বিত ব্যবস্থাপনা ও পুনরুদ্ধার একটি জনকল্যাণমূলক প্রকল্প; যার প্রতি বাংলাদেশ অত্যন্ত গুরুত্ব দেয়। এই প্রকল্পে যথাসাধ্য সহযোগিতা করতে চীন প্রস্তুত রয়েছে। তিনি বলেন, উন্নয়ন কৌশলের ক্ষেত্রে বাংলাদেশের সঙ্গে আরও বৃহত্তর সমন্বয় সাধনে চীন প্রস্তুত এবং বাণিজ্য ও অর্থনীতি, পানি সম্পদ ব্যবস্থাপনা ও জনকল্যাণের মতো ক্ষেত্রগুলোতে বিনিময় ও সহযোগিতা বাড়াতে ইচ্ছুক। বাংলাদেশের পররাষ্ট্রমন্ত্রী খলিলুর রহমান বলেছেন, দুই দেশের বিশেষজ্ঞরা এই প্রকল্পের ওপর প্রথমবারের মতো একটি কারিগরি সম্ভাব্যতা যাচাই কার্যক্রম পরিচালনা করবেন। তিনি বলেছেন, উভয় পক্ষই এ বিষয়ে একমত হয়েছে, যা গতবার এই পর্যায়ে ছিল না। চীন বলেছে, সম্ভাব্যতা যাচাই প্রতিবেদনের যৌক্তিকতার ওপর ভিত্তি করে তারা এই প্রকল্পে সম্ভাব্য সব ধরনের সহায়তা দেবে। তিস্তাসহ বাংলাদেশের অন্যান্য নদীর ব্যবস্থাপনায় সহযোগিতা বাড়াতে বাংলাদেশ ও চীন একটি চুক্তিতে পৌঁছেছে। তিস্তা পরিকল্পনা সংক্রান্ত যেকোনও ঘোষণার দিকে ভারত নিবিড়ভাবে নজর রাখবে। চলতি বছরের জানুয়ারিতে বাংলাদেশ পানি উন্নয়ন বোর্ড (পাউবো) এবং চীনের রাষ্ট্রীয় মালিকানাধীন প্রতিষ্ঠান পাওয়ারচায়না একটি সমঝোতা স্মারকের মেয়াদ বৃদ্ধি করে এতে স্বাক্ষর করে; যা তিস্তা প্রকল্পকে আরও এগিয়ে নেবে বলে প্রত্যাশা করা হচ্ছে।

## বৈশ্বিক অপরাধ মোকাবিলায়

কোঅপারেশন, ইনফরমেশন শেয়ারিং অ্যান্ড ক্যাপাসিটি বিল্ডিং অব বাংলাদেশ পুলিশ' শীর্ষক সমন্বয় সভার আয়োজন করেছে পুলিশ। সোমবার (২৯ জুন) রাজধানীর একটি হোটেলে অনুষ্ঠিত সভায় সভাপতিত্ব করেন পুলিশ মহাপরিদর্শক (আইজিপি) মো. আলী হোসেন ফকির। এতে অতিথি হিসেবে উপস্থিত ছিলেন স্বরাষ্ট্র মন্ত্রণালয়ের সিনিয়র সচিব মনজুর মোর্শেদ চৌধুরী এবং পররাষ্ট্র সচিব আসাদ আলম সিয়াম। সভায় উপস্থাপিত মূল প্রবন্ধে বলা হয়, সাইবার অপরাধ, ডিজিটাল জালিয়াতি, মানবপাচার, সন্ত্রাসে অর্থায়ন, অনলাইন জুয়া, কৃত্রিম বুদ্ধিমত্তানির্ভর অপরাধ, ডিপফেক, ভুলতথ্য ও অপতথ্য এখন বৈশ্বিক নিরাপত্তার বড় চ্যালেঞ্জ। এসব অপরাধ মোকাবিলায় আন্তর্জাতিক সহযোগিতা ও তথ্য বিনিময়ের বিকল্প নেই। আইজিপি মো. আলী হোসেন ফকির বলেন, বাংলাদেশ পুলিশ শুধু দেশের অভ্যন্তরীণ আইনশৃঙ্খলা রক্ষায় নয়, বৈশ্বিক নিরাপত্তা ব্যবস্থারও একটি নির্ভরযোগ্য অংশীদার। বর্তমান বিশ্বে কার্যকর পুলিশিং নিশ্চিত করতে আন্তর্জাতিক অংশীদারদের সঙ্গে ঘনিষ্ঠ সমন্বয় ও কূটনৈতিক সহযোগিতা অপরিহার্য। স্বরাষ্ট্র মন্ত্রণালয়ের সিনিয়র সচিব মনজুর মোর্শেদ চৌধুরী বলেন, বর্তমান বৈশ্বিক প্রেক্ষাপটে এক দেশের সঙ্গে অন্য দেশের সমন্বয়, তথ্য বিনিময় ও ঘনিষ্ঠ যোগাযোগ ছাড়া নিরাপত্তা নিশ্চিত করা কঠিন। তিনি ট্রান্সন্যাশনাল অপরাধ মোকাবিলায় আন্তর্জাতিক সহযোগিতা আরও জোরদারের ওপর গুরুত্বারোপ করেন। পররাষ্ট্র সচিব আসাদ আলম সিয়াম বাংলাদেশ পুলিশের ডিপ্লোম্যাটিক সিকিউরিটি ডিভিশনের ভূমিকার প্রশংসা করে কূটনৈতিক মিশনগুলোর নিরাপত্তায় একটি বিশেষায়িত ইউনিট গঠনের প্রয়োজনীয়তার কথা তুলে ধরেন। সভায় বিদেশি কূটনীতিকরা বাংলাদেশ পুলিশের এ উদ্যোগকে স্বাগত জানিয়ে ভবিষ্যতে সাইবার অপরাধ, মানি লন্ডারিং, ফাইন্যান্সিয়াল ক্রাইম, মানবপাচারসহ বিভিন্ন আন্তঃদেশীয় অপরাধ দমনে যৌথভাবে কাজ করার আগ্রহ প্রকাশ করেন। এতে ঢাকায় কর্মরত বিভিন্ন দেশের রাষ্ট্রদূত, দূতাবাসের নিরাপত্তা কর্মকর্তা, আন্তর্জাতিক সংস্থার প্রতিনিধি এবং বাংলাদেশ পুলিশের ঊর্ধ্বতন কর্মকর্তারা অংশ নেন।

ছাবেরা খাতুন বালিকা মাধ্যমিক বিদ্যালয়ের আয়োজনে নগরীর সিএন্ডবি রোড এলাকায় জলবায়ু পরিবর্তন ও সচেতনতা বিষয়ক র‍্যালি -কীর্তনখোলা

## গৌরনদীতে মৎস্য চাষিদের মাঝে মৎস্য খাদ্য, চুন ও কৃষি উপকরণ বিতরণ

**গৌরনদী প্রতিনিধি**

মৎস্য উৎপাদন বৃদ্ধি, আধুনিক মৎস্য চাষে উৎসাহ প্রদান এবং প্রান্তিক মৎস্য চাষিদের সহায়তায় বরিশালের গৌরনদী উপজেলায় মৎস্য চাষিদের মাঝে মৎস্য খাদ্য, চুন, শাক-সবজির বীজ ও চারা বিতরণ করা হয়েছে। সোমবার (২৯ জুন) দুপুরে উপজেলা পরিষদ চত্বরে ইউনিয়ন পর্যায়ে মৎস্য চাষ প্রযুক্তি সেবা সম্প্রসারণ প্রকল্পের আওতায় এ বিতরণ কর্মসূচির আয়োজন করে উপজেলা মৎস্য অধিদপ্তর। কর্মসূচির উদ্বোধন ও বিতরণ অনুষ্ঠানে প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন গৌরনদী উপজেলা নির্বাহী কর্মকর্তা (ইউএনও) ও পৌর প্রশাসক মো. ইব্রাহীম। উপজেলা মৎস্য কর্মকর্তা প্রসেনজিৎ দেবনাথ-এর সভাপতিত্বে অনুষ্ঠানে বিশেষ অতিথি হিসেবে উপস্থিত ছিলেন উপজেলা বিএনপির আহ্বায়ক বীর মুক্তিযোদ্ধা সৈয়দ সরোয়ার আলম বিপ্লব, সিনিয়র যুগ্ম আহ্বায়ক বদিউজ্জামান মিন্টু এবং উপজেলা ছাত্রদলের সাবেক সভাপতি জাফর ইকবাল। প্রকল্পের আওতায় উপজেলার তিনটি ইউনিয়নের তিনজন নির্বাচিত মৎস্য চাষির মধ্যে প্রতি জনকে ১০০ কেজি মৎস্য খাদ্য, ২৫ কেজি চুন, বিভিন্ন ধরনের শাক-সবজির বীজ এবং চারা বিতরণ করা হয়। অনুষ্ঠানে বক্তারা বলেন, আধুনিক প্রযুক্তিনির্ভর মৎস্য চাষ সম্প্রসারণের মাধ্যমে মাছের উৎপাদন বৃদ্ধি, পুষ্টি নিরাপত্তা নিশ্চিতকরণ এবং গ্রামীণ জনগোষ্ঠীর কর্মসংস্থান ও আয় বৃদ্ধিতে এ ধরনের সরকারি সহায়তা গুরুত্বপূর্ণ ভূমিকা রাখবে। পাশাপাশি মৎস্য চাষের পাশাপাশি পুকুরপাড়ে সবজি চাষের মাধ্যমে কৃষকদের অতিরিক্ত আয় নিশ্চিত করাও এ প্রকল্পের অন্যতম উদ্দেশ্য। প্রধান অতিথি উপজেলা নির্বাহী কর্মকর্তা মো. ইব্রাহীম বলেন, সরকারের বিভিন্ন উন্নয়নমূলক প্রকল্পের সুফল যেন প্রকৃত উপকারভোগীদের কাছে পৌঁছে, সে বিষয়ে প্রশাসন সর্বোচ্চ গুরুত্ব দিচ্ছে। আধুনিক ও বৈজ্ঞানিক পদ্ধতিতে মৎস্য চাষের মাধ্যমে উৎপাদন বৃদ্ধি এবং চাষিদের আর্থ-সামাজিক উন্নয়নে এ ধরনের সহায়তা কার্যকর ভূমিকা রাখবে। অনুষ্ঠান শেষে উপকারভোগীদের হাতে মৎস্য খাদ্য, চুন, শাক-সবজির বীজ ও চারা তুলে দেন অতিথিরা।

## পিরোজপুরে দখলে বাড়ছে

আসা ক্রেতারা। এ বিষয়ে পৌর কর্তৃপক্ষ, জেলা ব্যবসায়ী সমিতি, জেলা প্রশাসন বা আইনশৃঙ্খলা বাহিনী কোনো ব্যবস্থা নিচ্ছে না। সরেজমিন দেখা যায়, শহরের বিভিন্ন গুরুত্বপূর্ণ এলাকায় ফুটপাত দখল করে ব্যবসা পরিচালনা করা হচ্ছে। বিশেষ করে দামোদর সেতুর ওপর নিয়মিত অস্থায়ী বাজার বসায় যানবাহন চলাচলে মারাত্মক বিঘ্ন হচ্ছে। শহরের ক্লাব রোড এলাকায় ফল ব্যবসায়ীরা সড়কের ওপর কার্টন ও মালপত্র রেখে ব্যবসা করছেন। ফুটপাত দখল হয়ে যাওয়ায় পথচারীদের বাধ্য হয়ে মূল সড়ক ব্যবহার করতে হচ্ছে। এতে দুর্ঘটনার ঝুঁকি বাড়ছে। স্থানীয়দের অভিযোগ, ১০ মিনিটের পথ অতিক্রম করতে কখনও কখনও ১ ঘণ্টা সময় লেগে যাচ্ছে। শুধু ফুটপাত নয়, বাজার এলাকার সড়কের দুপাশে ভ্যানে ভ্রাম্যমাণ দোকান বসানো হচ্ছে। এর সঙ্গে ইজিবাইক ও অটোরিকশা দাঁড়িয়ে থাকায় যানজটের সৃষ্টি হচ্ছে। ফলে প্রতিদিনই সৃষ্টি হচ্ছে বিশৃঙ্খল পরিস্থিতি। অন্যদিকে, ব্যবসায়ীদের ফেলে দেওয়া পচাবাসি সবজি, ফল, অন্যান্য বর্জ্যে ড্রেন ও ফুটপাত ময়লার ভাগাড়ে পরিণত হচ্ছে। এতে দুর্গন্ধ ছড়িয়ে পরিবেশ দূষণও বাড়ছে। স্থানীয়দের অভিযোগ, ফুটপাতে বসা অনেক দোকান থেকে ইজারা বা অন্যান্য নামে নিয়মিত চাঁদা আদায় করা হয়। স্থানীয় বৈধ দোকান মালিকরা জানান, উপজেলা প্রশাসন বিভিন্ন সময়ে অবৈধ স্থাপনা ও দোকান উচ্ছেদ অভিযান পরিচালনা করলেও তা স্থায়ী সমাধান আনতে পারেনি। উচ্ছেদের কিছুদিন পরই পুনরায় দখলদাররা আগের অবস্থায় ফিরে আসে। অন্যদিকে, বলেশ্বর সেতু, বেকুটিয়া সেতু এবং জিয়ানগর সেতু চালুর পর পার্শ্ববর্তী জেলা ও উপজেলা থেকে বিপুল সংখ্যক ব্যাটারিচালিত অটোরিকশা পিরোজপুর শহরে প্রবেশ করছে। সড়ক ও ফুটপাত দখলমুক্ত রাখতে নিয়মিত অভিযান, কঠোর নজরদারি এবং সংশ্লিষ্টদের সমন্বিত উদ্যোগ গ্রহণের দাবি জানিয়েছেন সচেতন নাগরিকরা। এ বিষয়ে পিরোজপুর সদর উপজেলা নির্বাহী কর্মকর্তা মামুনুর রশীদ বলেন, কিছুদিন আগে সড়ক ও ফুটপাত থেকে অবৈধ দোকানপাট অপসারণ করা হয়েছিল। খুব শিগগির আবার অভিযান পরিচালনা করে অবৈধ স্থাপনা অপসারণ করা হবে।

## বজ্রপাতের পর গাছে

গাছটি অনেক উঁচু হওয়ায় স্থানীয়রা আগুন নেভানোর কোনো সুযোগ পাননি। স্থানীয় সংবাদকর্মী ও প্রত্যক্ষদর্শী সুমন মোল্লা বলেন, ঘটনাটি ছিল অত্যন্ত ভয়াবহ। বজ্রপাতের বিকট শব্দ ও আগুনের শিখা দেখে আশপাশের বাসিন্দারা আতঙ্কিত হয়ে পড়েন। আমরা সবাই নিরাপদ দূরত্বে দাঁড়িয়ে ঘটনাটি দেখেছি।

## 'অচল' ব্রিজে দুই গ্রামের

হয়। কিন্তু নির্মাণকাজ শেষ হলেও আজ পর্যন্ত ব্রিজের পূর্ব ও পশ্চিম পাশে সংযোগ সড়ক তৈরি হয়নি। স্থানীয়দের ভাষ্য, শুকনো মৌসুমে সীমিতভাবে চলাচল করা গেলেও বর্ষা এলেই পরিস্থিতি ভয়াবহ হয়ে ওঠে। সংযোগ সড়কের স্থানে পানি জমে গভীর খাদ সৃষ্টি হওয়ায় ব্রিজটি এখন অনেকটাই মরণফাঁদে পরিণত হয়েছে। যানবাহন তো দূরের কথা, সাধারণ মানুষের চলাচলও হয়ে পড়েছে ঝুঁকিপূর্ণ। দীর্ঘদিন ধরে ইউনিয়ন পরিষদের চেয়ারম্যান ও সদস্যদের কাছে বিষয়টি জানানো হলেও কার্যকর কোনো উদ্যোগ নেওয়া হয়নি বলে অভিযোগ এলাকাবাসীর। পরে নিজেদের প্রয়োজনেই গ্রামবাসী ব্রিজের পাশ দিয়ে বাঁশের সাঁকো নির্মাণ করে যাতায়াতের ব্যবস্থা করেন। বাটামারা গ্রামের বাসিন্দা মোহাম্মাদ আলীসহ কয়েকজন জানান, সংযোগ সড়কের অভাবে বছরের পর বছর চরম ভোগান্তি পোহাতে হচ্ছে। বর্ষা মৌসুমে তাদের চলাচল প্রায় বিচ্ছিন্ন হয়ে যায়। স্থানীয় শিক্ষক সোহাগ হোসাইন বলেন, সংযোগ সড়ক না থাকায় গর্ভবতী নারী, শিশু, বয়স্ক ব্যক্তি ও শিক্ষার্থীদের চলাচল অত্যন্ত ঝুঁকিপূর্ণ হয়ে পড়েছে। জরুরি রোগীদের হাসপাতালে নেওয়াও কঠিন হয়ে যায়। দ্রুত সংযোগ সড়ক নির্মাণের উদ্যোগ নেওয়া জরুরি। ব্রিজ থেকে প্রায় ১০০ মিটার দূরে উদয়পুর মাধ্যমিক বিদ্যালয়ের প্রধান শিক্ষক জসীম উদ্দিন বলেন, বাটামারা গ্রাম থেকে অনেক শিক্ষার্থী আমাদের বিদ্যালয়ে আসে। কিন্তু সংযোগ সড়ক না থাকায় বিশেষ করে বর্ষাকালে তাদের বিদ্যালয়ে যাতায়াতে চরম দুর্ভোগ পোহাতে হয়। এ বিষয়ে বোরহানউদ্দিন উপজেলা প্রকৌশলী মহিদুল ইসলাম বলেন, ব্রিজটির সংযোগ সড়ক নির্মাণের জন্য 'স্বল্প ব্যয় গ্রামীণ সড়ক, সেতু ও কালভার্ট নির্মাণ প্রকল্পে' অন্তর্ভুক্তির প্রস্তাব পাঠানো হয়েছে। প্রস্তাব অনুমোদিত হলে টেন্ডারের মাধ্যমে সংযোগ সড়ক নির্মাণের কাজ শুরু করা হবে।

## নূর মোহাম্মদ মুন্সি হাসপাতালের

এমবিবিএস ডিগ্রি অর্জন করেছেন এবং সিএমইউ (আল্ট্রা) সম্পন্ন করে দীর্ঘদিন ধরে বিভিন্ন জটিল ও সাধারণ রোগের চিকিৎসাসেবা দিয়ে আসছেন। ক্যাম্পে মেডিসিন, নবজাতক ও শিশু রোগ, বাত ও ব্যথাজনিত রোগ, লিভার রোগ, বক্ষব্যাধি, চর্মরোগ, ডায়াবেটিসসহ বিভিন্ন রোগের বিষয়ে পরামর্শ ও প্রয়োজনীয় স্বাস্থ্যসেবা প্রদান করা হবে। আয়োজকদের মতে, গ্রামীণ এলাকার অনেক মানুষ অর্থনৈতিক সীমাবদ্ধতা, দূরত্ব ও সচেতনতার অভাবে বিশেষজ্ঞ চিকিৎসকের শরণাপন্ন হতে পারেন না। তাদের কথা বিবেচনায় রেখেই এই মানবিক উদ্যোগ গ্রহণ করা হয়েছে, যাতে সাধারণ মানুষ সহজেই মানসম্মত চিকিৎসাসেবা গ্রহণের সুযোগ পান। এ বিষয়ে সার্বিক তত্ত্বাবধানে থাকা বার্থী ইউনিয়ন পরিষদের চেয়ারম্যান পদপ্রার্থী তারিকুল ইসলাম কাফী বলেন, "স্বাস্থ্য মানুষের মৌলিক অধিকার। গ্রামের সাধারণ মানুষ যেন কোনো আর্থিক চাপ ছাড়াই বিশেষজ্ঞ চিকিৎসকের পরামর্শ নিতে পারেন, সেই লক্ষ্য থেকেই এ ফ্রি মেডিক্যাল ক্যাম্পের আয়োজন করা হয়েছে। আমরা চাই মানুষ রোগ সম্পর্কে সচেতন হোক, সময়মতো চিকিৎসা গ্রহণ করুক এবং সুস্থ জীবনযাপনে অভ্যস্ত হয়ে উঠুক।" তিনি আরও বলেন, "এ ধরনের জনকল্যাণমূলক কার্যক্রম ভবিষ্যতেও অব্যাহত থাকবে। সমাজের প্রতিটি মানুষের দোরগোড়ায় স্বাস্থ্যসেবা পৌঁছে দিতে সরকারি উদ্যোগের পাশাপাশি সামাজিক ও মানবিক উদ্যোগও অত্যন্ত গুরুত্বপূর্ণ।" আয়োজকরা জানান, আলহাজ্ব নূর মোহাম্মদ মুন্সী হাসপাতালের সহযোগিতায় মেডিক্যাল ক্যাম্পটি পরিচালিত হবে। এছাড়া সামাজিক ও স্বেচ্ছাসেবী সংগঠন 'আলোর মিছিল' এ আয়োজনের সার্বিক সহযোগিতা করছে। ধানডোবা ও আশপাশের এলাকার সকল শ্রেণি-পেশার মানুষের প্রতি নির্ধারিত সময়ে উপস্থিত হয়ে বিনামূল্যে চিকিৎসাসেবা গ্রহণের আহ্বান জানিয়েছেন আয়োজকরা। তাদের প্রত্যাশা, এ ধরনের উদ্যোগ গ্রামীণ জনগোষ্ঠীর স্বাস্থ্যসেবা নিশ্চিতকরণ, রোগ সম্পর্কে সচেতনতা বৃদ্ধি এবং একটি সুস্থ সমাজ গঠনে গুরুত্বপূর্ণ ভূমিকা রাখবে।

## অধিক ঝুকিপূর্ণ সানুহার-ধামুরা সড়ক

অব্যবস্থাপনার কারণে যাত্রীদের এবং যানবাহনের জন্য চলাচল করা খুব কঠিন হয়ে পড়েছে। স্কুলের ছাত্র-ছাত্রী, চাকরিজীবী এবং ব্যবসায়ীরা সবাই এই সমস্যার সম্মুখীন হচ্ছেন। বিশেষ করে শিশুদের স্কুলে যেতে এবং কর্মজীবীদের অফিসে পৌঁছাতে অনেক সময় ব্যয় হচ্ছে। অনেক পরিবার এখন তাদের কাজের জন্য অন্য পথ অবলম্বন করতে বাধ্য হচ্ছে, যা তাদের জন্য সময় ও অর্থ উভয়েই ক্ষতির কারণ। প্রতিদিনের জীবনে এই সড়ক সমস্যার কারণে স্বাস্থ্যগত ঝুঁকিও বেড়ে গেছে। নীরব দুর্ভোগে বাসিন্দারা অসুস্থ হয়ে পড়ছেন, কারণ তাদের দৈনন্দিন জীবনে হেঁটে চলার জন্য নিরাপদ সড়ক নেই। বিশেষ করে, বৃদ্ধ এবং শিশুদের জন্য এটি খুবই বিপজ্জনক। সড়কের কাদা এবং গর্তের কারণে দুর্ঘটনার আশঙ্কা বাড়ছে। সড়কের অবস্থা নিয়ে স্থানীয়রা উদ্বেগ প্রকাশ করেছে। তারা অভিযোগ করেছেন, সঠিক সময়ে সংস্কার না হওয়ায় এলাকা দিনদিন আরও অবহেলিত হয়ে পড়ছে। এছাড়া ঐতিহ্যবাহী ঈদগাহ মার্কেট হাজারো ব্যবসায়ীদের দুর্ভোগ চরমে। এ বিষয়ে উজিরপুর উপজেলা প্রকৌশলী সুব্রত রায় বলেন, সড়ক সংস্কার কাজের জন্য ইতিপূর্বে বরাদ্দ হয় এবং টেন্ডার হয়েছিলো। কিন্তু ঠিকাদার প্রতিষ্ঠান কাজ করতে আগ্রহী ছিলোনা বলে সড়কটির সংস্কার কাজ করা সম্ভব হয়নি। তবে ওই সড়ক সংস্কারের জন্য পুনরায় টেন্ডার হয়েছে,অচিরেই সংস্কার কাজ শুরু হবে বলে আসস্ত করেছেন তিনি। কিন্তু মানুষের মধ্যে হতাশা দেখা দিয়েছে,কারণ তাদের বারবার এমন আশ্বাস শুনতে শুনতে ক্লান্ত। এ বিষয়ে চান মিয়া হাওলাদার সাংবাদিকদের জানান, দীর্ঘ দুই বছর ধরে খানা খন্দে ভরা রাস্তাটি বেহাল দশার কারণে চরম দুর্ভোগ পোহাতে হয়েছে, তাই কোন উপায়ন্তর না পেয়ে আমরা নিজস্ব অর্থায়নে ঈদগা বাজারের সামনে সড়কের বিভিন্ন স্থানে মেরামতের কাজ করছি।

দৈনিক
# কীর্তনখোলা
আত্মপ্রত্যয়ী প্রতিদিন
বরিশাল ॥ মঙ্গলবার ॥ ৩০ জুন ২০২৬ ॥ ১৬ আষাঢ় ১৪৩৩

## বৈশ্বিক অপরাধ মোকাবিলায় আন্তর্জাতিক সহযোগিতা বাড়াতে চায় পুলিশ

**কীর্তনখোলা ডেস্ক**

বৈশ্বিক অপরাধের ক্রমবর্ধমান চ্যালেঞ্জ মোকাবিলায় আন্তর্জাতিক সহযোগিতা, কার্যকর তথ্য বিনিময় এবং সমন্বিত নিরাপত্তা ব্যবস্থা জোরদার করতে চায় বাংলাদেশ পুলিশ। এ লক্ষ্যে প্রথমবারের মতো 'ডিপ্লোম্যাটিক সিকিউরিটি ৩ এর পাতায় দেখুন

## বাংলাদেশের সঙ্গে সহযোগিতা তৃতীয় পক্ষের প্রভাব মুক্ত থাকা উচিত: চীন

**কীর্তনখোলা ডেস্ক**

ভারতের উদ্বেগ থাকা সত্ত্বেও তিস্তা নদী সমন্বিত ব্যবস্থাপনা ও পুনরুদ্ধার প্রকল্পে (টিআরসিএমআরপি) বাংলাদেশের প্রতি নিজেদের সমর্থনের কথা পুনর্ব্যক্ত করেছে চীন। একই সঙ্গে দেশটি জোর দিয়ে বলেছে, বাংলাদেশের ৩ এর পাতায় দেখুন

## অধিক ঝুঁকিপূর্ণ সানুহার-ধামুরা সড়ক সংস্কারের কাজ করছে স্থানীয়রা

**উজিরপুর প্রতিনিধি**

ঢাকা-বরিশাল মহাসড়ক ঘেষা জনগুরুত্বপূর্ণ উজিরপুর উপজেলার সানুহার-সাতলা সড়কের ঐতিহ্যবাহী ঈদগা বাজারের সামনে ভাঙা ও গর্তে ভরা সড়কটির মেরামতের কাজ করছে স্থানীয়রা। সরেজমিনে গিয়ে দেখা যায়, ওই এলাকার তারিকুল ইসলাম সরদার, চান মিয়া হাওলাদার ও রবিউল বালী মিলে নিজস্ব অর্থায়নে ইট, বালু দিয়ে রাস্তা মেরামতের কাজ শুরু করেছে। সানুহার-ধামুরা সড়কের বেহাল দশার কারনে মানুষ চরম সড়ক সমস্যার সম্মুখীন হয়েছে, যা স্থানীয় জনজীবনকে মারাত্মকভাবে প্রভাবিত করছে। একটু বৃষ্টি হলেই চরম ঝুঁকিতে সড়ক। এমনকি বর্ষা মৌসুমে সড়কগুলোর অবস্থা আরও খারাপ হয়ে যায়। কাদা, গর্তে ভরা সড়কগুলোতে চলাচল করা এখন ঝুঁকির ব্যাপার হয়ে দাঁড়িয়েছে। সড়কের এই দুরবস্থার কারণে প্রতিদিন হাজারো মানুষ ভোগান্তির শিকার হচ্ছে। স্থানীয় বাসিন্দাদের সঙ্গে কথা বলে জানা যায়, সড়কের ৩ এর পাতায় দেখুন

## ৬ মাসে বাংলাদেশ ও আশপাশে ৩২ ভূমিকম্প, জুনেই অনুভূত হয়েছে ৬টি

**কীর্তনখোলা ডেস্ক**

চলতি বছরের প্রথম ছয় মাসে বাংলাদেশ ও এর আশপাশের অঞ্চলে ৩২টি ছোট-বড় ভূমিকম্প রেকর্ড করেছে বাংলাদেশ আবহাওয়া অধিদপ্তর। এর মধ্যে শুধু জুন মাসেই অনুভূত হয়েছে ৬টি ভূমিকম্প। যদিও এ পরিস্থিতিকে অস্বাভাবিক বলে মনে করছে না আবহাওয়া অধিদপ্তর। সংশ্লিষ্টরা বলছেন, কোনো সময় ভূমিকম্পের সংখ্যা কিছুটা বেশি থাকে, আবার কোনো সময় কম থাকে। পাশাপাশি বর্তমানে ছোট মাত্রার ভূমিকম্পও আগের তুলনায় বেশি শনাক্ত করা সম্ভব হচ্ছে। বাংলাদেশ আবহাওয়া অধিদপ্তরের তথ্য পর্যালোচনায় দেখা যায়, চলতি বছরের সবচেয়ে বেশি ভূমিকম্প রেকর্ড হয়েছে ফেব্রুয়ারি মাসে। ওই মাসে মোট ১২টি ভূমিকম্প অনুভূত ৩ এর পাতায় দেখুন

## বাউফলে অ্যাম্বুলেন্স সিন্ডিকেটের দৌরাত্ম্যে জিম্মি রোগীরা

**বাউফল প্রতিনিধি**

পটুয়াখালীর বাউফল উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্সে বেসরকারি অ্যাম্বুলেন্স সিন্ডিকেটের দৌরাত্ম্যে সাধারণ রোগী ও তাদের স্বজনরা জিম্মি হয়ে পড়েছেন। অভিযোগ উঠেছে, হাসপাতাল চত্বরে স্থায়ীভাবে অবস্থান নিয়ে কিছু প্রাইভেট অ্যাম্বুলেন্স চালক ও তাদের সহযোগীরা পুরো এলাকাকে নিজেদের নিয়ন্ত্রণে নিয়ে রেখেছে। সিন্ডিকেটের এ অরাজকতায় প্রতিনিয়ত চরম ভোগান্তি ও আর্থিক শোষণের শিকার হচ্ছেন প্রত্যন্ত অঞ্চল থেকে আসা অসহায় মানুষ। ভুক্তভোগীদের অভিযোগ, জরুরি ও মুমূর্ষু রোগীকে উন্নত চিকিৎসার জন্য বরিশাল বা ঢাকায় স্থানান্তরের প্রয়োজন হলেই সক্রিয় হয়ে উঠে এ চক্র। তারা কম ভাড়ায় সরকারি অ্যাম্বুলেন্স ব্যবহারে বাধা দেয়। এমনকি বাহির থেকে ৩ এর পাতায় দেখুন

## কোটি টাকা নিয়ে উধাও ব্যাংকের ক্যাশিয়ার, গ্রাহকদের বিক্ষোভ

**কলাপাড়া প্রতিনিধি**

পটুয়াখালীর কলাপাড়ায় অর্ধশতাধিক গ্রাহকের কোটি টাকা নিয়ে উধাও হয়ে গেছেন আল-আরাফাহ ইসলামী ব্যাংকের পাখিমারা আউটলেট শাখার ক্যাশিয়ার রিয়াদুল ইসলাম ইউসুফ। এ ঘটনায় সোমবার (২৯ জুন) বেলা ১১টায় ব্যাংক ঘেরাও করে বিক্ষোভ করেছেন ভুক্তভোগী গ্রাহকরা। এ সময় ৩ এর পাতায় দেখুন

## লোডশেডিং ইস্যুতে গুজব নয় ধৈর্য ও সচেতনতার আহ্বান

**এস এম নয়ন, গৌরনদী**

দেশব্যাপী চলমান বিদ্যুৎ সংকট ও লোডশেডিং পরিস্থিতিকে কেন্দ্র করে গুজব, অপপ্রচার এবং বিশৃঙ্খল পরিবেশ সৃষ্টি না করার আহ্বান জানিয়েছেন বরিশাল পল্লী বিদ্যুৎ সমিতি-২ এর গৌরনদী জোনাল অফিসের ডেপুটি জেনারেল ম্যানেজার (ডিজিএম) প্রকৌশলী আব্দুল হালিম খান। তিনি বলেছেন, বিদ্যুৎ সংকট সাময়িক হলেও গুজব ও উসকানিমূলক কর্মকাণ্ড পরিস্থিতিকে আরও জটিল করে তুলতে পারে। তাই ৩ এর পাতায় দেখুন

## ‘অচল’ ব্রিজে দুই গ্রামের হাজারো মানুষের দুর্ভোগ

**বোরহানউদ্দিন প্রতিনিধি**

ভোলার বোরহানউদ্দিন উপজেলার পক্ষিয়া ইউনিয়নে প্রায় এক দশক আগে নির্মিত একটি ব্রিজ সংযোগ সড়কের অভাবে কার্যত ব্যবহার অনুপযোগী হয়ে পড়ে আছে। দুই পাশে রাস্তা না থাকায় কোনো যানবাহন চলাচল করতে পারছে না। বাধ্য হয়ে স্থানীয় বাসিন্দারা নিজেদের উদ্যোগে ব্রিজের পাশ দিয়ে বাঁশের সাঁকো নির্মাণ করে চলাচল করছেন। এতে দুই গ্রামের কয়েক হাজার মানুষ, বিশেষ করে শিক্ষার্থী, নারী, বয়স্ক ও রোগীদের চরম দুর্ভোগ পোহাতে হচ্ছে। স্থানীয় সূত্রে জানা যায়, উপজেলার ৮ নম্বর পক্ষিয়া ইউনিয়নের উদয়পুর ও বাটামারা গ্রামের মানুষের যাতায়াত সহজ করতে দুর্যোগ ব্যবস্থাপনা অধিদপ্তরের সেতু-কালভার্ট নির্মাণ প্রকল্পের আওতায় প্রায় ১০ বছর আগে ব্রিজটি নির্মাণ করা ৩ এর পাতায় দেখুন

## নূর মোহাম্মদ মুন্সি হাসপাতালের সহযোগিতায় ফ্রি মেডিক্যাল ক্যাম্প

**গৌরনদী প্রতিনিধি**

বরিশালের গৌরনদী উপজেলার ধানডোবা ও আশপাশের এলাকার মানুষের জন্য আগামী ১ জুলাই (বুধবার) একটি ফ্রি মেডিক্যাল ক্যাম্প আয়োজন করা হয়েছে। গ্রামীণ জনগোষ্ঠীর দোরগোড়ায় বিশেষজ্ঞ চিকিৎসাসেবা পৌঁছে দেওয়া এবং স্বাস্থ্যসচেতনতা বৃদ্ধির লক্ষ্যে এ উদ্যোগ গ্রহণ করা হয়েছে। ক্যাম্পে আগত রোগীদের সম্পূর্ণ বিনামূল্যে বিশেষজ্ঞ চিকিৎসা পরামর্শ ও স্বাস্থ্যসেবা প্রদান করা হবে। আয়োজক সূত্রে জানা গেছে, বুধবার বিকেল ৪টা থেকে সন্ধ্যা ৬টা পর্যন্ত ধানডোবা মাধ্যমিক বিদ্যালয় প্রাঙ্গণে এ মেডিক্যাল ক্যাম্প অনুষ্ঠিত হবে। এতে চিকিৎসাসেবা প্রদান করবেন বিশিষ্ট চিকিৎসক ডা. কে. এম. তরিকুল ইসলাম রাকিব। তিনি ঢাকা বিশ্ববিদ্যালয় থেকে ৩ এর পাতায় দেখুন

## আ.লীগ নেতার নেতৃত্বে মন্দিরের জায়গা দখলের চেষ্টা, আহত ৩

**নাজিরপুর প্রতিনিধি**

পিরোজপুরের নাজিরপুর উপজেলার ষোলসত বাবুরহাট এলাকায় একটি শিব মন্দিরের জায়গা দখল করার চেষ্টার প্রতিবাদ করায় স্থানীয় এক আওয়ামী লীগ নেতার নৃশংস হামলার শিকার হয়েছেন একই পরিবারের সদস্যসহ অন্তত তিনজন। হামলায় গুরুতর আহত একজনকে আশঙ্কাজনক অবস্থায় খুলনা মেডিকেল কলেজ হাসপাতালে (খুমেক) প্রেরণ করা হয়েছে। বাকি দুইজনকে নাজিরপুর উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্সে ভর্তি করা হয়েছে। সোমবার সকাল আনুমানিক ৮টার দিকে এই হামলার ঘটনা ঘটে। আহতরা ৩ এর পাতায় দেখুন

## ইয়াবাসহ গ্রেপ্তারের ঘটনায় ছাত্রদল নেতা বহিষ্কার

**বাউফল প্রতিনিধি**

পটুয়াখালীর বাউফলের সূর্যমনি ইউনিয়ন ছাত্রদলের সাধারণ সম্পাদক রুবেল ভূঁইয়াকে ইয়াবাসহ গ্রেপ্তারের ঘটনায় দল থেকে বহিষ্কার করা হয়েছে। সোমবার (২৯ জুন) বাউফল উপজেলা ছাত্রদলের দপ্তর সম্পাদক জুবায়ের রহমান স্বাক্ষরিত এক সংবাদ বিজ্ঞপ্তিতে এ তথ্য জানানো হয়েছে। বাউফল উপজেলা ছাত্রদলের সভাপতি আব্দুল্লাহ আল ফাহাদ বিষয়টি নিশ্চিত করেছেন। ৩ এর পাতায় দেখুন

## ঝালকাঠিতে জাটকা সংরক্ষণে সুগন্ধা নদীতে অভিযান

**ঝালকাঠি প্রতিনিধি**

ঝালকাঠি জেলায় জাটকা সংরক্ষণ ও অন্যান্য দেশীয় মাছের নিরাপদ প্রজননে সুগন্ধা ও বাসন্ডা নদীতে অভিযান পরিচালনা করে ২৭টি নিষিদ্ধ চায়না দুয়ারি জাল জব্দ করেছেন ভ্রাম্যমাণ আদালত। সোমবার সকাল থেকে দুপুর ২টা পর্যন্ত ঝালকাঠি সদর উপজেলা প্রশাসন ও উপজেলা মৎস্য অফিসের উদ্যোগে এ অভিযান পরিচালিত হয়। অভিযানে নেতৃত্ব দেন ঝালকাঠি সদর উপজেলা নির্বাহী কর্মকর্তা সেগুফতা মেহনাজ। উপজেলা মৎস্য কর্মকর্তার কার্যালয় সূত্রে জানা যায়, মৎস্য সুরক্ষা ও সংরক্ষণ আইন, ১৯৫০-এর আওতায় পরিচালিত মোবাইল কোর্টে সুগন্ধা ও বাসন্ডা নদী থেকে ২৭টি নিষিদ্ধ চায়না দুয়ারি জাল জব্দ করা হয়। জব্দকৃত জালগুলোর আনুমানিক বাজারমূল্য এক লাখ ৩৫ হাজার টাকা। পরে জনসম্মুখে জালগুলো পুড়িয়ে ধ্বংস করা হয়। সিনিয়র উপজেলা মৎস্য কর্মকর্তা সাইয়্যেদা বলেন, জাটকা ও অন্যান্য দেশীয় মাছের নিরাপদ প্রজনন এবং ইলিশ সম্পদ বৃদ্ধির লক্ষে অবৈধ জালের বিরুদ্ধে নিয়মিত অভিযান পরিচালনা করা হচ্ছে। নদীতে নিষিদ্ধ চায়না দুয়ারি ৩ এর পাতায় দেখুন

## সৈকতে আবারও ভেসে এলো ৫৬ ফুট লম্বা মৃত বেলিন তিমি

**কুয়াকাটা প্রতিনিধি**

পটুয়াখালীর কুয়াকাটা সমুদ্রসৈকতে ৫৬ ফুট দৈর্ঘ্যের একটি মৃত বেলিন তিমি ভেসে এসেছে। চলতি মাসে এটি কুয়াকাটা উপকূলে ভেসে আসা দ্বিতীয় মৃত তিমি। সোমবার (২৯ জুন) দুপুরে কাউয়ার চর বসুধা আইল্যান্ডসংলগ্ন সৈকতে তিমিটি শনাক্ত করেন উপকূল পরিবেশ রক্ষা আন্দোলনের (উপরা) সদস্যরা। খবর ছড়িয়ে পড়লে স্থানীয় বাসিন্দা ও পর্যটকদের ভিড় ৩ এর পাতায় দেখুন

## পিরোজপুরে দখলে বাড়ছে যানজট ও দুর্ঘটনার ঝুঁকি

**পিরোজপুর প্রতিনিধি**

পিরোজপুর পৌর শহর ও বাজারের বিভিন্ন সড়ক, সড়কের পাশের ফুটপাত ও ড্রেন দখল করে অবৈধ দোকান এবং ব্যাটারিচালিত অটোরিকশার অবস্থানের কারণে দিন দিন যানজট ও দুর্ঘটনার ঝুঁকি বাড়ছে। সেই সঙ্গে পৌর বাজারের ছোট ছোট সড়কেও দোকানিরা দোকানের সামনে কাঠের বেঞ্চ, চৌকি, টুল বসিয়ে তাদের পণ্য সাজিয়ে রাখছেন। ফলে সড়কগুলো আরও সংকুচিত হয়ে পড়েছে। দীর্ঘদিন চলা এ অব্যবস্থাপনায় দুর্ভোগে পড়ছেন সাধারণ পথচারী, শিক্ষার্থী, দূরপাল্লার যাত্রীসহ বাজারে ৩ এর পাতায় দেখুন

## বজ্রপাতের পর গাছে দাউ দাউ আগুন, আতঙ্ক

**পাথরঘাটা প্রতিনিধি**

বরগুনার পাথরঘাটা পৌরসভার ৪ নম্বর ওয়ার্ডে বজ্রপাতে একটি প্রায় ৫০ ফুট উঁচু একটি তাল গাছে আগুন লাগার ঘটনা ঘটেছে। এতে ওই এলাকায় মুহূর্তেই আতঙ্ক ছড়িয়ে পড়ে। সোমবার (২৯ জুন) বিকেল আনুমানিক সোয়া ৪টার দিকে ৪ নম্বর ওয়ার্ডে এই ঘটনা ঘটে। পরে বৃষ্টি হলে সেই আগুন নিভে যায় বলে জানিয়েছেন স্থানীয়রা। প্রত্যক্ষদর্শীদের ভাষ্য, সোমবার বিকেলে ওই এলাকায় বিকট শব্দে বজ্রপাত হয়। বজ্রপাতের পর মুহূর্তেই তাল গাছের আগায় থেকে আগুন ছড়িয়ে পড়ে এবং পুরো গাছটি জ্বলতে থাকে। কিছুক্ষণ পর শুরু হওয়া মুষলধারে বৃষ্টিতে আগুন ধীরে ধীরে নিভে যায়। এতে বড় ধরনের কোনো হতাহতের ঘটনা ঘটেনি। ৩ এর পাতায় দেখুন

## স্থানীয়দের তৎপরতায় ব্যর্থ ডাকাতির চেষ্টা আটক ১

**আমতলী প্রতিনিধি**

বরগুনার আমতলী উপজেলার মহিষকাটা বাজার এলাকায় স্থানীয়দের তৎপরতায় ডাকাতির একটি চেষ্টা ভেস্তে গেছে। এ সময় মো. আলহাজ্ব ফকির (২৭) নামে এক সন্দেহভাজনকে আটক করে পুলিশের কাছে সোপর্দ করেন স্থানীয়রা। শনিবার (২৮ জুন) দিবাগত গভীর রাতে উপজেলার মহিষকাটা বাজার এলাকায় এ ঘটনা ঘটে। পুলিশ ও স্থানীয় সূত্রে জানা যায়, কয়েকদিন ধরে আমতলী উপজেলার বিভিন্ন এলাকায় ধারাবাহিকভাবে চুরি ও ডাকাতির ঘটনা ঘটছিল। এরই ধারাবাহিকতায় শনিবার গভীর রাতে ৭-৮ সদস্যের একটি দল মহিষকাটা বাজারে ডাকাতির প্রস্তুতি নেয়। বিষয়টি টের পেয়ে স্থানীয়রা তাদের ধাওয়া করলে ডাকাতির ২ এর পাতায় দেখুন

## বাবুগঞ্জে উপজেলা আইন-শৃঙ্খলা কমিটির মাসিক সভা

**বাবুগঞ্জ প্রতিনিধি**

বরিশালের বাবুগঞ্জ উপজেলায় আইন-শৃঙ্খলা পরিস্থিতি নিয়ন্ত্রণ ও অপরাধ প্রতিরোধে উপজেলা আইন-শৃঙ্খলা কমিটির মাসিক সভা অনুষ্ঠিত হয়েছে। সোমবার (২৯ জুন) সকাল ১১টায় উপজেলা পরিষদ হলরুমে উপজেলা প্রশাসনের উদ্যোগে এ সভার আয়োজন করা হয়। এতে সভাপতিত্ব করেন বাবুগঞ্জ উপজেলা নির্বাহী কর্মকর্তা ও এক্সিকিউটিভ ম্যাজিস্ট্রেট আসমা উল হুসনা। সভায় প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন বাবুগঞ্জ উপজেলা বিএনপির আহ্বায়ক মো. সুলতান আহমদ খান। বিশেষ অতিথি হিসেবে উপস্থিত ছিলেন উপজেলা সহকারী কমিশনার (ভূমি) কামরুন্নাহার তামান্না, উপজেলা কৃষি কর্মকর্তা কৃষিবিদ মো. আব্দুর রউফ, সমাজসেবা কর্মকর্তা মো. মিজানুর রহমান, সিনিয়র মৎস্য কর্মকর্তা এ.এফ.এম নাজমুস সালেহীন, মহিলা বিষয়ক কর্মকর্তা শামীমা ইয়াসমিন, রহমতপুর ইউনিয়ন পরিষদের প্যানেল চেয়ারম্যান মো. সুমন শিকদার, উপজেলা প্রেসক্লাবের সাবেক সভাপতি সিনিয়র সাংবাদিক সাইফুল ইসলাম ২ এর পাতায় দেখুন

## ঝালকাঠিতে যুবলীগের আহ্বায়কসহ চারজন কারাগারে

**ঝালকাঠি প্রতিনিধি**

ঝালকাঠি জেলা বিএনপি কার্যালয়ে অগ্নিসংযোগ ও বিস্ফোরক আইনের মামলায় জেলা যুবলীগের আহ্বায়ক রেজাউল করিম জাকিরসহ চারজনকে কারাগারে পাঠানোর নির্দেশ দিয়েছেন আদালত। সোমবার (২৯ জুন) দুপুর আড়াইটার দিকে কড়া পুলিশি নিরাপত্তার মধ্য দিয়ে জেলা যুবলীগের আহ্বায়ক রেজাউল করিম জাকির, জেলা যুবলীগ নেতা মেহেদী হাসান মুন্না, শাহাজাদা পরাগ এবং রাজাপুর উপজেলা ছাত্রলীগের সাবেক সভাপতি আহসান হাবিব রুবেলকে ঝালকাঠির চিফ জুডিশিয়াল ম্যাজিস্ট্রেট আদালতে হাজির করা হয়। এ সময় আদালত চত্বরে ছিল কঠোর নিরাপত্তা ব্যবস্থা। আদালত সূত্রে জানা যায়, আওয়ামী লীগ সরকার পতনের পর ৩ এর পাতায় দেখুন

মাদকাসক্তি ও মানসিক
রোগীদের সর্বাধুনিক চিকিৎসা এখন বরিশালে
দি নিউ লাইফ
মহিলা রোগীদের জন্য পৃথক ওয়ার্ড
যোগাযোগ: ১নং সিএন্ডবি পুল (কাজীপাড়া সংলগ্ন), বরিশাল।
০১৭১৩-৯৫০৯৪১
০১৭১৩-১৬৯৮২৮

অধ্যাপক ডাঃ সৈয়দ জাহিদ হোসেন
এম.বি.বি.এস; এফ.সি.পি.এস. ফেলো ডব্লিউ. এইচ.ও (অস্ট্রেলিয়া)
অধ্যক্ষ ও অধ্যাপক (বিভাগীয় প্রধান), শিশু বিভাগ (এক্স)
শের-ই-বাংলা মেডিকেল কলেজ ও হাসপাতাল, বরিশাল।
নবজাতক, শিশু ও কিশোর রোগ বিশেষজ্ঞ
চেম্বার: এ্যাপোলো ডায়াগনস্টিক কমপ্লেক্স, শের-ই-বাংলা মেডিকেল কলেজ এর সামনে বাঁধ রোড, বরিশাল।
রোগী দেখার সময়: প্রতিদিন সকাল ১০টা থেকে দুপুর ২টা
সিরিয়ালের জন্য: ০১৭১৪-০৬৭৮৮৬, ০১৭০৬-৩৫৪৯৭৫
চেম্বার: মেডিনোভা মেডিকেল সার্ভিসেস লিঃ, কে.বি হেমায়েত উদ্দিন রোড (গির্জামহল্লা), বরিশাল।
রোগী দেখার সময়: প্রতিদিন বিকাল ৪টা থেকে রাত ১০টা
সিরিয়ালের জন্য: ০১৭৫২-১৩৪৪৩৮, ০১৭১১-২৪০৯৬৯
বাসা: বসুন্ধরা হাউজিং, রূপাতলী, বরিশাল

বিসমিল্লাহির রাহমানির রাহিম

কম্পিউটারের সবকিছুই আপনার নাগালে
ঈশিতা কম্পিউটার
All Kinds Of Computer Solution.
Accessories Selling, Training
& Digital Photography
উপজেলা রোড, আগৈলঝাড়া, বরিশাল। মোবাইল: ০১৭১৫২১৩৫৪৬

প্রধান সম্পাদক: মো: ফিরোজ আহম্মেদ মোল্লা, ভারপ্রাপ্ত সম্পাদক: মিতা মোস্তফা, সহযোগী সম্পাদক: আল হাফিজ, নির্বাহী সম্পাদক: এম জামান, প্রকাশক: কাজী মিরাজ মাহমুদ কর্তৃক মায়ের দোয়া অফসেট প্রিন্টিং প্রেস, হাসপাতাল রোড, বরিশাল থেকে মুদ্রিত ও বার্তা কার্যালয় ঃ সৌরভ লজ, গোড়াচাঁদ দাস রোড, বরিশাল-৮২০০। মোবাঃ ০১৭১২-৯২৬৮৩৬, E-Mail: dailykirtonkhola@gmail.com